- প্রকল্প সময়ের মধ্যে নির্বাচিত পরিবারগুলো মোট ৬ বার আর্থিক সুবিধা পাবে।

নির্বাচিত পরিবারগুলোকে কী কী নিয়ম মেনে চলতে হবে?

আর্থিক সুবিধা লাভের জন্য নির্বাচিত পরিবারগুলোকে নিচের নিয়মগুলো মেনে চলতে হবে -

শিশুর পুষ্টি নিশ্চিত করা

- শিশুকে নিয়মিত ও নির্ধারিত পরিমাণে পুষ্টিকর খাবার খাওয়ানো
- প্রতি মাসে নির্ধারিত তারিখে স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে শিশুর উচ্চতা এবং ওজন পর্যবেক্ষণ ও তা রেকর্ড করানো।

শিশুর শিক্ষা নিশ্চিত করা

- শিশুকে প্রাথমিক বিদ্যালয়ে পাঠাতে হবে
- বিদ্যালয়ে শিশুর উপস্থিতি ৮০ ভাগ নিশ্চিত করতে হবে।

কী কারণে পরিবারটি অর্থ সুবিধা পাবে না?

- অর্থ প্রদানের জন্য নিয়মগুলো ঠিকমত মেনে না চললে
- কোনো কারণে তালিকাভুক্ত শিশুটির মৃত্যু হলে সেই পরিবারের নাম তালিকা থেকে বাদ পড়বে।

সুবিধা গ্রহণের জন্য কোথায় যেতে হবে?

- **নিবন্ধন করার জন্য:** পরিবারের নাম তালিকাভুক্ত করার জন্য মা অথবা পরিচর্যাকারীকে নির্ধারিত তারিখে নির্দিষ্ট নিবন্ধন কেন্দ্রে যেতে হবে

- **স্বাস্থ্য পর্যবেক্ষণের জন্য:** শিশু স্বাস্থ্য পর্যবেক্ষণের জন্য প্রতি মাসে নির্ধারিত তারিখ ও সময়ে স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে/কমিউনিটি ক্লিনিকে যেতে হবে
- **প্রাথমিক বিদ্যালয় সার্টিফিকেট অথবা প্রতিবেদন পত্রের জন্য:** প্রাথমিক বিদ্যালয়ে যেতে হবে
- **আর্থিক সুবিধার জন্য:** টাকা তোলার জন্য স্থানীয় ডাকঘরে যেতে হবে।

প্রকল্পটি কারা পরিচালনা করেন?

প্রকল্পটি বাস্তবায়নের জন্য অনেক সংস্থা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কাজ করছে। এদের মধ্যে উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো-

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- কমিউনিটি স্বাস্থ্য প্রকল্প
- বাংলাদেশ ডাকবিভাগ
- বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)

**পুষ্টি ও শিক্ষা নিশ্চিত করি
আমার শিশুর জীবন গড়ি**

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্

Booklet on ‘Shombhob’ Pilot Project





প্রকল্প এলাকা কোথায়?

পুষ্টি ও শিক্ষার উন্নয়নে 'সম্ভব' পাইলট প্রকল্পটি বাংলাদেশের তিনটি নির্বাচিত স্থান: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জলঢাকা ও হাতিবান্ধা উপজেলায় বাস্তবায়িত হচ্ছে।

প্রকল্পটি কাদের জন্য?

মূলত এলাকার অতি দরিদ্র পরিবারের জন্য এই প্রকল্পটি যাদের:

- অন্তত ০-৩৬ মাস বয়সী শিশু আছে, অথবা/এবং
- প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে এমন শিশু আছে।

অতি দরিদ্র কারা?

প্রকল্প এলাকার দরিদ্র পরিবারগুলোর মধ্য থেকে কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্যের ভিত্তিতে অতি দরিদ্র পরিবার নির্বাচন করা হয়। যেমন:

বাসস্থানের অবস্থান, আকার, ধরন, বৈশিষ্ট্য, সুযোগ-সুবিধাসহ (বিদ্যুৎ, সার্নিটারি ল্যাট্রিন) পরিবারের সদস্যদের বয়স, শিক্ষাগত যোগ্যতা, সামাজিক অবস্থান, জীবিকা ইত্যাদি।

অতি দরিদ্র পরিবারসমূহ নির্বাচনের জন্য কম্পিউটারাইজড একটি পদ্ধতি (প্রক্সিমিনস টেস্টিং) ব্যবহার করা হয়।

প্রকল্পটি কিভাবে কাজ করে?

কয়েকটি ধাপ অনুসরণ করে এই প্রকল্পের জন্য উপযোগী পরিবার নির্বাচন ও অর্থ হস্তান্তর করা হবে। যেমন:

- **সুবিধাভোগী চিহ্নিতকরণ:** প্রথমে নিয়ম অনুযায়ী অতি দরিদ্র পরিবারগুলো চিহ্নিত করা
- **সত্যায়ন:** তালিকাভুক্ত পরিবারের বিভিন্ন বৈশিষ্ট্য সিটি কর্পোরেশন ও স্থানীয় ইউনিয়ন পরিষদ কর্তৃক নিশ্চিত করা
- **তালিকাভুক্তিকরণ:** বাছাইকৃত পরিবারগুলোর একটি চূড়ান্ত তালিকা তৈরি করা
- **অর্থ হস্তান্তর:** পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে সময় অনুযায়ী শর্ত পূরণ সাপেক্ষে পরিবারগুলোকে বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে টাকা দেয়া
- **মনিটরিং:** অর্থ গ্রহণ করার পর পরিবারগুলো নিয়ম মেনে চলছে কিনা তার খোঁজ খবর রাখা।

কী কী সাথে আনতে হবে?

নির্বাচিত পরিবারগুলোর হালনাগাদ তালিকাভুক্তির সময় নিচের জিনিসগুলো আনতে হবে:

- চিহ্নিতকরণ ফরম পূরণের সময় যে কাগজটি দেয়া হয়েছে
- শিশুর টীকা কার্ড অথবা অন্য নিবন্ধন কার্ড
- যে শিশু প্রাথমিক বিদ্যালয়ে যায় সে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সার্টিফিকেট অথবা শিশুর উপবৃত্তির কার্ড অথবা শিশুর বিদ্যালয়ের রিপোর্ট কার্ড
- শিশুর মা বা পরিচর্যাকারীর জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)
- মাতা/অভিভাবকের দুই কপি ছবি।

প্রকল্প থেকে কী কী সুবিধা পাওয়া যাবে?

- প্রতি দু'মাস পরপর নির্বাচিত পরিবারটি একটি অথবা সর্বোচ্চ দুইটি সুবিধা পাবে
- শিশুর পুষ্টি সুবিধা বাবদ ৪০০ টাকা এবং শিক্ষা সুবিধা বাবদ ৪০০ টাকা অর্থাৎ সর্বোচ্চ ৮০০ টাকা একটি পরিবার পেতে পারে
- এছাড়াও অন্যান্য আরো যে সকল সুবিধা রয়েছে সেগুলো হলো:
  - প্রতি মাসে শিশুর ওজন ও উচ্চতা বৃদ্ধি সম্পর্কে জানতে পারবেন
  - শিশুর পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ে মা/পরিচর্যাকারী শিক্ষা পাবেন
  - প্রাথমিক বিদ্যালয়ে শিশুর উপস্থিতি পর্যবেক্ষণ করা হবে।

আর্থিক সুবিধা কিভাবে পাবে?

- নির্বাচিত পরিবারগুলো নির্দিষ্ট ডাকঘর থেকে পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে টাকা তুলতে পারবে
- প্রকল্প সময়ের মধ্যে নির্বাচিত পরিবারগুলো মোট ৬ বার আর্থিক সুবিধা পেতে পারে
- সিটি কর্পোরেশন/স্থানীয় ইউনিয়ন পরিষদ থেকে নির্দিষ্ট সময়ে নির্বাচিত পরিবারগুলোকে ক্যাশ কার্ড দেয়া হবে
- পরিবারগুলোকে ক্যাশ কার্ডের ব্যবহার শিখিয়ে দেয়া হবে।

ক্যাশ কার্ড কিভাবে ব্যবহার করবে?

- প্রত্যেককে তার নিজের কার্ডের গোপন পিন নাম্বারটি মুখস্ত/মনে রাখতে হবে। এই নাম্বারটি অন্য কারো কাছে প্রকাশ করা যাবে না
- ক্যাশ কার্ডটি শুধু যার নাম লিখা আছে সেই ব্যক্তি ব্যবহার করবে। কোনো ক্রমেই এই কার্ড হস্তান্তর করা যাবে না
- গ্রহিতা সদস্য প্রকল্পের ক্যাশ কার্ডটি তার ব্যক্তিগত টাকা জমা রাখা ও টাকা তোলার কাজেও ব্যবহার করতে পারবেন
- ক্যাশ কার্ডটি অত্যন্ত যত্নের সাথে ব্যবহার ও সংরক্ষণ করতে হবে।

চূড়ান্ত তালিকাভূক্ত পরিবারগুলোকে কী কী নিয়ম মেনে চলতে হবে?

আর্থিক সুবিধা লাভের জন্য চূড়ান্ত তালিকাভূক্ত পরিবারগুলোকে নিচের নিয়মগুলো মেনে চলতে হবে -

শিশুর পুষ্টি নিশ্চিত করা

- শিশুকে নিয়মিত ও নির্ধারিত পরিমাণে পুষ্টিকর খাবার খাওয়ানো
- প্রতি মাসে নির্ধারিত তারিখে স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে শিশুর উচ্চতা এবং ওজন পর্যবেক্ষণ নিশ্চিত করা।

শিশুর শিক্ষা নিশ্চিত করা

- শিশুকে প্রাথমিক বিদ্যালয়ে পাঠাতে হবে
- বিদ্যালয়ে শিশুর উপস্থিতি ৮০ ভাগ নিশ্চিত করতে হবে।

কী কারণে পরিবারটি অর্থ সুবিধা পাবে না?

- অর্থ প্রদানের জন্য নিয়মগুলো ঠিকমত মেনে না চললে
- কোনো কারণে তালিকাভূক্ত শিশুটির মৃত্যু হলে সেই পরিবারের নাম তালিকা থেকে বাদ পড়বে।

সুবিধা গ্রহণের জন্য কোথায় যেতে হবে?

- **স্বাস্থ্য পর্যবেক্ষণের জন্য:** শিশু স্বাস্থ্য পর্যবেক্ষণের জন্য প্রতি মাসে নির্ধারিত তারিখ ও সময়ে নির্দিষ্ট স্থানে বা কমিউনিটি ক্লিনিকে যেতে হবে
- **প্রাথমিক বিদ্যালয় সার্টিফিকেট অথবা প্রতিবেদন পত্রের জন্য:** প্রাথমিক বিদ্যালয়ে যেতে হবে
- **টাকা তোলার জন্য:** স্থানীয় পোস্ট অফিস বা নির্ধারিত স্থানে যেতে হবে।

পুষ্টি ও শিক্ষা নিশ্চিত করি
আমার শিশুর জীবন গড়ি

Leaflet for Targeting

Leaflet for Cash Card Distribution



Folder

Notebook

Banner of Campaign for Targeting

Banner for Targeting Booth

Banner for Enrolment Booth

Roman Banners for Targeting Booth

Roman Banners for Enrolment Booth

Banner for Cash Card Distribution Booth

Attachment–3:

List of Upazila Level Participants

Participants of Upazila Level Orientation

Narayangonj City Corporation



স্টেকহোল্ডারদের জন্য ওরিয়েন্টেশন
নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন

আয়োজনেঃ বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)

অংশগ্রহণকারীদের সম্মানী ভাতা

তারিখঃ মার্চ ২৮, ২০১২

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
১.	মো: মাহমুদুর রহমান	২৮/৩/১২
২.	মো: মতিউল ইসলাম	
৩.	আ: মান্নান	
৪.	মো: কবির হোসেন	
৫.	মোহাম্মদ হোসেন	
৬.	মোবারক হোসেন	
৭.	মো: মোহাম্মদ	

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৮.	শফিকুর রহমান বাঙালি মুক্তিযোদ্ধা কৃষি প্রতিনিধি	—
৯.	মো: জয়নাল আবেদীন [illegible] শীতলক্ষ্যা [illegible]	[illegible]
১০.	নূর জাহান সভাপ্রধা: [illegible]	নূর জাহান
১১.	টিনামনি দাস সেক্রেটারি [illegible]	টিনামনি দাস
১২.	আলম আরা বেগম সভাপ্র. [illegible]	SHO
১৩.	কাঞ্চন সেন [illegible]	কাঞ্চন সেন
১৪.	মো: জয়নাল আবেদীন [illegible]	[illegible]
১৫.	মো: সাহিন [illegible]	মো: সাহিন

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
১৬.	[illegible]	[illegible]
১৭.	[illegible]	[illegible]
১৮.	[illegible]	[illegible]
১৯.	[illegible]	[illegible]
২০.	[illegible]	[illegible]
২১.	[illegible]	[illegible]
২২.	[illegible]	[illegible]
২৩.	[illegible]	[illegible]

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
২৪.	মো: নিয়ামত হোসেন প্রভাষক [illegible] কলেজ	[illegible]
২৫.	সালাহউদ্দিন আহমেদ [illegible]	Salahuddin
২৬.	কাজী মোহাম্মদ [illegible] [illegible]	[illegible]
২৭.	মো: কামাল চৌধুরী [illegible]	[illegible]
২৮.	মো: [illegible] [illegible]	[illegible]
২৯.	[illegible] [illegible]	[illegible]
৩০.	কে. এইচ. মিলন — দৈনিক [illegible]	[illegible]
৩১.	[illegible]	[illegible]
৩২.	মোস্তফা হোসেন [illegible]	[illegible]
৩৩.	[illegible]	[illegible]
৩৪.	[illegible]	[illegible]
৩৫.	[illegible]	[illegible]
৩৭.	[illegible]	[illegible]

Participants of Upazila Level Orientation

Jaldhaka Upazila

স্টেকহোল্ডারদের জন্য ওরিয়েন্টেশন
জলঢাকা উপজেলা

আয়োজনে: বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)

অংশগ্রহণকারীদের সম্মানী ভাতা

তারিখ: এপ্রিল ২, ২০১২

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
১.		
২.		
৩.		
৪.		
৫.		
৬.		
৭.		

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৮.	Mir Hairul Ehsan Chowdhury	21/8/22
৯.	Dipendra nath Sarkar.	21/8/22.
১০.	[illegible]	21/8/22
১১.	[illegible]	21/8/22
১২.	[illegible]	21/8/22
১৩.	[illegible]	21/8/22
১৪.	[illegible]	[illegible]
১৫.	[illegible]	22/04/22

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
১৬.		
১৭.		
১৮.		
১৯.		
২০.		
২১.		
২২.		
২৩.		

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
২৪.	মো: [illegible] [illegible] সহকারী স্বাস্থ্য পরিদর্শক	[illegible]
২৫.	মো: রফিকুল ইসলাম সহকারী স্বাস্থ্য পরিদর্শক	[illegible]
২৬.	[illegible] A.H.I	[illegible]
২৭.	মো: মোস্তাকুর রহমান H.I.	[illegible] ২/৪/১২
২৮.	নূরুল ইসলাম AHI	[illegible] ২/৪/১২
২৯.	মো: নজরুল ইসলাম A.H.I	[illegible] ২/৪/১২
৩০.	মো: রাসেকুল ইসলাম ই.ডি.এ	[illegible] ২/৪/১২
৩১.	মো: খাদেমুল ইসলাম ই.ডি.এ	[illegible] ২/৪/১২

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৩২.	[illegible] F.P.I - [illegible]	
৩৩.	[illegible] F.P.I [illegible]	
৩৪.	[illegible] F.P.I [illegible]	
৩৫.	[illegible] PPI - [illegible]	
৩৬.	~~[illegible]~~	
৩৭.	[illegible]	
৩৮.	[illegible]	
৩৯.	[illegible]	

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৪০.		
৪১.		
৪২.		
৪৩.		
৪৪.		
৪৫.		
৪৬.		
৪৭.		

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৪৮.	[illegible]	[signature]
৪৯.	[illegible]	[signature]
৫০.	[illegible]	[signature]
৫১.	[illegible]	[signature] 02/08/22
৫২.	[illegible]	[signature] 02/08
৫৩.	[illegible]	[signature]
৫৪.	[illegible]	[signature]
৫৫.	[illegible]	[signature]
৫৬.	[illegible]	[signature]

Participants of Upazila Level Orientation

Hatibandha Upazila

স্টেকহোল্ডারদের জন্য ওরিয়েন্টেশন
হাতিবান্ধা উপজেলা

আয়োজনে: বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)

অংশগ্রহণকারীদের সম্মানী ভাতা

তারিখ: এপ্রিল ৩, ২০১২

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
১.	সুধাংশু ভূষণ রায় উপজেলা শিক্ষা কমিটির সদস্য	[signature]
২.	মো: রশীদুর রহমান পোস্ট আফিস পরিদর্শক	[signature] ৩/৪/১২
৩.	নিদীপ চন্দ্র দেবনাথ পোস্টাল অপারেটর।	[signature] ৩/৪/১২
৪.	আঃ আমিনুর রহমান	[signature] ৩/৪/১২
৫.	মো: আহমেদ জামান প্রধান শিক্ষক দ: গড়িমারী মোস্তাফ পাড়া	[signature] ৩/৪/২০১২
৬.	শরৎ চন্দ্র রায়	[signature]
৭.	মো: হাকিকুল ইসলাম	[signature]

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৮.	[illegible]	[illegible] ০৬/০৪/১২
৯.	[illegible]	[illegible] ০৬/৪/১২
১০.	সুমন কুমার দে পরিবার পরিকল্পনা পরিদর্শক নওদাবাস ইউনিয়ন	[illegible] ০৩.৫.১২
১১.	আলহাজ এম.জি মোস্তফা চেয়ারম্যান সিন্ধীমার ইউনিয়ন পরিষদ	[illegible]
১২.	মোঃ হাফিজ মাহমুদ F.P.I সিন্ধিমারী ইউনিয়ন	[illegible]
১৩.	মোঃ [illegible] স্বাঃ পরিদর্শক নওদাবাস	[illegible]
১৪.	মোঃ আতিয়ার রহমান স্বাস্থ্য পরিদর্শক	[illegible]
১৫.	মোঃ আঃ আজিজ [illegible] স্বাস্থ্য পরিদর্শক	[illegible]

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
১৬.	মোঃ [illegible] [illegible] [illegible] [illegible] 01724221660	[illegible]
১৭.	শ্রী [illegible] [illegible]	[illegible]
১৮.	মোঃ রেজাউল করিম ইন্সট্রাক্টর (কম্পিউটার) [illegible]	Karim 03-4-12
১৯.	দীপক কুমার [illegible] [illegible]	[illegible]
২০.	[illegible], [illegible]	[illegible] 03/04/12
২১.	Md. Azizur Rahman	[illegible]
২২.	মোঃ ইকবাল আলী [illegible], [illegible]	[illegible] 03/04/12
২৩.	মোঃ [illegible] [illegible] [illegible]	[illegible]

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
২৪.	মো: আব্দুল মান্নান সহকারী উপজেলা শিক্ষা অফিসার হাতীবান্ধা, লালমনির হাট	[signature]
২৫.	মো: হাবিবুর রহমান সহকারী উপজেলা শিক্ষা অফিসার হাতীবান্ধা, লালমনির হাট	[signature]
২৬.	মোহাম্মদ সাফায়াত হোসেন সরকার AC (Land), হাতীবান্ধা	[signature] ৩/৪/১২
২৭.	মো: আনোয়ারুল ইসলাম সহ: উপ: শি: অ: হাতীবান্ধা	[signature] ৩/৪/১২
২৮.	আব্দুল [illegible] [illegible] (সহ: প্র: [illegible]: [illegible]	[signature]
২৯.	মো: আব্দুল হামিদ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভার) হাতীবান্ধা	[signature]
৩০.	মো: আব্দুল্লাহ আল ইকবাল AUEO হাতীবান্ধা	[signature]
৩১.	মো: আ: জব্বার চার মাহমুদ বেস: বেজি: সভাপতি	[signature]

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৩২: ৩১	সত্যেন্দ্র নাথ দাস FPI বিশ্বনাথপুর, হাতীবান্ধা	[signature]
৩৩: ৩২	পরিমল চন্দ্র F.P.I ভেলাবাড়ী, হাতীবান্ধা	[signature]
৩৪: ৩৩	মোছা: সাহেরা বেগম	[signature]
৩৫: ৩৪	মো: নুরনবী প্র: শি: হাতীবান্ধা [illegible]	[signature]
৩৬: ৩৫	[illegible] [illegible]	[signature]
৩৭: ৩৬	মো: [illegible]	[signature]
৩৮: ৩৭	মো: মামুনুল হাসান UFO, হাতীবান্ধা	[signature]
৩৯: ৩৮	মো: [illegible] হোসেন [illegible] হাতীবান্ধা	[signature]

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
~~৪০.~~ ৩৯	মো: আনিসুর রহমান, সা ২০৩ নম্বর বাগ.	
~~৪১.~~ ৪০	মো: মোস্তাফিজুর রহমান সদস্য ৭নং ওয়ার্ড চিকনী ইউ, পি	
~~৪২.~~ ৪১	সুমন কুমার দে সভাপতি, প্রেসক্লাব, প্রতিনিধি, ভোরের কাগজ	
~~৪৩.~~ ৪২	আমানুল্লাহ আল আজাদ প্রতিনিধি / আমার দেশ	
~~৪৪.~~ ৪৩	মো: নুরুল হক / প্রতিনিধি দৈনিক মুক্তখবর / [illegible]	
~~৪৫.~~ ৪৪	ইলিয়াস বসুনিয়া প্রতিনিধি দৈ: যুগের আলো	
~~৪৬.~~ ৪৫	মোঃ রবিউল হাসান প্রতিনিধি দিনকাল	
~~৪৭.~~ ৪৬	মো: নজরুল ইসলাম	

ক্রমিক নং	অংশগ্রহণকারীদের নাম ও পদবী	স্বাক্ষর
৪৮. ৪৭	মোঃ সিরাজুল ইসলাম দুলাল সাধারণ সম্পাদক [illegible]	
৪৯. ৪৮	মোঃ ওমর ফারুক [illegible] [illegible]	
৫০. ৪৯	এ,কে,এম, মোস্তাফিজুর রহমান ইউ, পি. চেয়ারম্যান, [illegible]	
৫১. ৫০	এ,এস,এম. আবুজাহিদ হোসেন [illegible] উপজেলা ভাইস চেয়ারম্যান	৬/৪/১২
৫২. ৫১	মোঃ বদিউজ্জামান ভেলু উপজেলা চেয়ারম্যান	
৫৩. ৫২	মুক্তি রানী সরকার উপজেলা ভাইস চেয়ারম্যান	
৫৪. ৫৩	মোঃ লুৎফর রহমান [illegible] [illegible]	
৫৫. ৫৪	এ.কে.এম. [illegible] চেয়ারম্যান [illegible]	
৫৬.	জনাব আক্তারুজ্জামান উপ-জেলা নির্বাহী কর্মকর্তা [illegible]	
৫৭.	মোঃ [illegible] আলম পোস্ট মাস্টার, [illegible]	০৬/৪/১২

Attachment–4:

Orientation Guideline for Field Workers on Cash Card Distribution

সম্ভব

পুষ্টি ও শিক্ষা নিশ্চিত করি
আমার শিশুর জীবন গড়ি

সুবিধাবঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে ‘সম্ভব’ পাইলট প্রকল্প

ক্যাশ কার্ড বিতরণ সম্পর্কিত মাঠকর্মীদের ওরিয়েন্টেশন

মে, ২০১২

BCCP
বাংলাদেশ সেন্টার ফর
কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)

সুবিধাবঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে ‘সম্ভব’ পাইলট প্রকল্প

ক্যাশ কার্ড বিতরণ সম্পর্কিত মাঠকর্মীদের ওরিয়েন্টেশন

সময়	অধিবেশন	কৌশল
০৯:৩০ – ১০:০০	সূচনা অধিবেশন	আলোচনা
১০:০০ – ১১:১৫	**অধিবেশন-১** ক্যাশ কার্ড বিতরণ কৌশল	স্লাইড প্রদর্শন, আলোচনা
১১:১৫ – ১১:৩০	চা বিরতি	
১১:৩০ – ১২:০০	**অধিবেশন-২** ক্যাশ কার্ড বিতরণকারী টিম ও বিতরণের জন্য প্রচারণা	স্লাইড প্রদর্শন, আলোচনা
১২:০০ – ০১:১৫	**অধিবেশন-৩** ক্যাশ কার্ড বিতরণের ধাপ ও প্রক্রিয়া	স্লাইড প্রদর্শন, আলোচনা, ডেমোনেস্ট্রেশন
০১:১৫ – ০২:০০	**অধিবেশন-৪** ক্যাশ কার্ডের মাধ্যমে টাকা তোলার কৌশল	স্লাইড প্রদর্শন, আলোচনা
০২:০০	সমাপ্তি	

সুবিধাবঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প

ক্যাশ কার্ড বিতরণ সম্পর্কিত
মাঠকর্মীদের ওরিয়েন্টেশন

অধিবেশন-১
ক্যাশ কার্ড বিতরণ কৌশল

ক্যাশ কার্ড বিতরণের জন্য স্টেকহোল্ডার

ক্যাশ কার্ড বিতরণের জন্য 'সম্ভব' পাইলট প্রকল্পের সাথে জড়িত সংস্থাগুলো বিভিন্ন দায়িত্ব পালন করবে:

ক) প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ):

– ক্যাশ কার্ড বিতরণের জন্য সুবিধাভোগীদের চূড়ান্ত তালিকা তৈরি করা।

খ) DATA:

– চূড়ান্ত সুবিধাভোগীদের ফটো এ্যালবাম তৈরি করবে। যে সকল মা বা পরিচর্যাকারী জাতীয় পরিচয়পত্র দেখাতে পারবে না তাদের এই ফটো এ্যালবাম দেখে সনাক্ত করা হবে।

গ) বিসিসিপি:

– ক্যাশ কার্ড বিতরণের জন্য রুট ম্যাপ তৈরি করা।
– উপজেলা পোস্ট অফিস থেকে প্রোগ্রাম অফিসারগণ এই ক্যাশ কার্ডগুলো ২১ মে তারিখে গ্রহণ করা।
– চূড়ান্ত সুবিধাভোগীদের মধ্যে ক্যাশ কার্ডসমূহ বিতরণ করা।
– ক্যাশ কার্ড সম্পর্কিত সমস্যা, প্রশ্ন বা ব্যাখ্যার প্রয়োজন হলে তা ব্যবস্থাপনা করা বা কেস ম্যানেজমেন্ট করা।

ঘ) বাংলাদেশ পোস্ট অফিস:

- ক্যাশ কার্ড তৈরি করা।
- প্রতিটি স্থানে গ্রাম অনুযায়ী ক্যাশ কার্ডসমূহ প্যাকেটজাত করা এবং উপজেলা পোস্ট অফিস থেকে বিসিসিপি'র কাছে তা হস্তান্তর করা।
- প্রত্যেক সুবিধাভোগীর জন্য একটি প্যাকেটে ক্যাশ কার্ডের সাথে পিন (PIN) নাম্বার এবং সাত (৭)টি টাকা তোলার ফরম সংযুক্ত করা।

ক্যাশ কার্ড বিতরণের সময়সূচি

আগামী ২৩ মে ২০১২ তারিখ থেকে ৫ জুন ২০১২ তারিখ পর্যন্ত
নির্দিষ্ট স্থানে ক্যাশ কার্ডসমূহ বিতরণ করা হবে।

ক্যাশ কার্ড বিতরণের কৌশল

- ক্যাশ কার্ড বিতরণের জন্য সুবিধাভোগীদের চূড়ান্ত তালিকা ১৫ মে-এর মধ্যে প্রকাশ করা হবে।
- সুবিধাভোগীদের চূড়ান্ত তালিকা প্রকল্প এলাকার গ্রামে গ্রামে টাঙ্গিয়ে দিতে হবে।
- বাংলাদেশ ডাক বিভাগ গ্রাম অনুযায়ী ক্যাশ কার্ডগুলোকে প্যাকেটজাত করবে।
- উপজেলা পোস্ট অফিস থেকে বিসিসিপি'র প্রোগ্রাম অফিসারগণ এই ক্যাশ কার্ডসমূহ ২১ মে তারিখে গ্রহণ করবেন।
- পূর্ব নির্ধারিত স্বাস্থ্য ও পুষ্টি সেবাকেন্দ্র থেকে নির্দিষ্ট সিডিউল অনুযায়ী ক্যাশ কার্ডসমূহ বিতরণ করা হবে।

ক্যাশ কার্ড বিতরণের জন্য প্রয়োজনীয় উপকরণ ও লজিস্টিকস

ক্যাশ কার্ড বিতরণের জন্য নিচের উপকরণগুলো প্রয়োজন হবে:

- **ক্যাশ কার্ড প্যাকেজ:** এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে ক্যাশ কার্ড, পিন (PIN) নাম্বার, টাকা তোলার জন্য ৭টি ফরম। বাংলাদেশ পোস্ট অফিস এই প্যাকেজ তৈরি নিশ্চিত করবে।

- **কার্ড হস্তান্তর রেজিস্টার ফরম:** প্রতিটি মা/পরিচর্যাকারী এই রেজিস্টার ফরমে স্বাক্ষর বা টিপসই প্রদান করে ক্যাশ কার্ড গ্রহণ করবে। GEDESO এই ফরম তৈরি করে বিসিসিপি-কে হস্তান্তর করবে।

- **ফ্যামিলি ফটো এ্যালবাম:** DATA এই ফটো এ্যালবাম তৈরি করবে এবং গ্রাম অনুযায়ী সাজিয়ে বিসিসিপি'র কাছে হস্তান্তর করবে।

- **টাকা প্রদান বা টাকা তোলার জন্য রুট ম্যাপ ও প্রচারণা:** ওরিয়েন্টেশনে মা/পরিচর্যাকারীদের জানিয়ে দেয়া কোথা থেকে টাকা তোলা যাবে। বাংলাদেশ পোস্ট অফিস এই রুট ম্যাপ তৈরি করে বিসিসিপি'র কাছে হস্তান্তর করবে।

- **প্রচারণার জন্য লিফলেট:** কিভাবে কার্ড ও পিন (PIN) নাম্বার ব্যবহার করে পোস্ট অফিস থেকে টাকা তোলা যাবে সে সম্পর্কে সুবিধাভোগীদের জানানোর জন্য বিসিসিপি লিফলেট তৈরি করবে এবং তা সুবিধাভোগীদের কাছে বিতরণ করবে।

- **কেস ম্যানেজমেন্ট ফরম:** ক্যাশ কার্ড হারিয়ে গেলে, ক্যাশ কার্ডে নাম ভুল হলে, প্যাকেটে পিন (PIN) নাম্বার না থাকলে বা পিন (PIN) নাম্বার বোঝা না গেলে বা এ জাতীয় যে কোন সমস্যা দেখা দিলে তা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং তা রিপোর্ট করতে হবে।

- **সুবিধাভোগীদের তালিকা:** সম্ভাব্য ক্ষেত্রে সমস্যা আছে এমন একটি তালিকা DATA তৈরি করে বিসিসিপি-কে প্রদান করবে।

- **চেয়ার, টেবিল ও স্টেশনারী:** কার্ড প্রদান ও কেস ম্যানেজমেন্ট স্থানের জন্য প্রয়োজনীয় সংখ্যক টেবিল, চেয়ার ও স্টেশনারী, যেমন- কাগজ, কলম, মার্কার, টিপসই-এর জন্য স্ট্যাম্প প্যাড ইত্যাদি।

ক্যাশ কার্ড বিতরণের স্থান

ক্যাশ কার্ড প্রতি গ্রামে পূর্ব নির্ধারিত স্বাস্থ্যকেন্দ্রগুলো থেকে বিতরণ করা হবে। ক্যাশ কার্ড বিতরণের জন্য স্থানগুলো এমন হওয়া উচিত যেখানে সুবিধাভোগীগণ বসে অপেক্ষা করার জন্য যথেষ্ট জায়গা পান এবং মোটামুটিভাবে স্বচ্ছন্দে থাকতে পারেন।

ক্যাশ কার্ড বিতরণের ধাপ ও প্রক্রিয়া

ক্যাশ কার্ড বিতরণের এই কেন্দ্রগুলোতে অন্তত চারটি স্টেশন থাকতে হবে:

১. সুবিধাভোগীদের জন্য অপেক্ষা করার জন্য স্থান

২. সুবিধাভোগীদের ওরিয়েন্টেশনের স্থান

৩. কার্ড বিতরণ বা হস্তান্তরের স্থান

৪. পিন (PIN)/কেস ম্যানেজমেন্টের স্থান

মা/পরিচর্যাকারীগণ কার্ড নেয়ার জন্য এলে যেভাবে পরিচালিত হবেন তা নিচে বলা হলো:

- শৃঙ্খলা রক্ষাকারী কর্মী ২০-২৫ জন মা/পরিচর্যাকারীকে ওরিয়েন্টেশন কক্ষের দিকে পরিচালিত করবেন।
- ওরিয়েন্টেশন সেশন শেষ হলে শৃঙ্খলা রক্ষাকারী কর্মী দলটিকে ক্যাশ কার্ড বিতরণ ডেস্কের দিকে পরিচালিত করবেন।
- সুবিধাভোগী মা/পরিচর্যাকারী কার্ডটি পেলে তিনি চলে যেতে পারেন। তবে কারো কোন সমস্যা থাকলে শৃঙ্খলা রক্ষাকারী কর্মী সেই মা/পরিচর্যাকারীকে কেস ম্যানেজমেন্ট কক্ষে পাঠাবেন। কেস ম্যানেজমেন্ট কর্মী তার সমস্যা সংক্রান্ত তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং তাকে জানাবেন যে একটি নতুন কার্ড বা পিন (PIN) নাম্বার তাকে দ্বিতীয়বার টাকা তোলার সময় দেয়া হবে।

ক্যাশ কার্ড বিতরণের জন্য রুট ম্যাপ

বিসিসিপি নিচের রুট ম্যাপ অনুসরণ করে ক্যাশ কার্ডসমূহ বিতরণ করবে:

হাতিবান্ধা উপজেলা

Date	Time	Union	Village/ Slum	Card Distribution Point	Total Cards to be Distributed	Person involved
May 23-26, 2012	9 am-5 pm	Dawabari	Uttar Dawabari	Uttar Dawabari Government Primary School	261	3+2=5
May 27, 2012			Dhakin Dawabari	BCCP Worker Emili's House	104	3+2=5
May 28, 2012			Kishmat Nohali	Kishamat Madrasa	111	3+2=5
May 29, 2012			Purba Dawabari	Maddapara Non-gov. Primary School	134	3+2=5
May 30, 2012			Khudda Bisandoi	Dawabari Ebtadia Madrasa	107	3+2=5
May 31, 2012			Paschim Bisandoi	Paschim Bisandoi Primary School	79	3+2=5
June 2-3, 2012			Purba Bisandoi	Dawabri Union Parisad	169	3+2=5
June 4, 2012			Uttar Bisandoi	Dulu Member's House	78	3+2=5
June 5, 2012			Prannath Patikabari	Aziz Member's House	69	3+2=5
June 6, 2012			**Leftover card distribution**	**Dawabari Union Parisad**		3
May 23-24, 2012	9 am-5 pm	Patikapara	Dakshin Parulia	Dhakhin Parulia Community Clinic	185	3+2=5
May 26-28, 2012			Paschim Haldibari	Paschim Haldibari Community Clinic	351	3+2=5
May 29, 2012			Patikabari	Union FWC	98	3+2=5
			Patikapara			
May 30, 2012			Purba Haldibari	Nurul Islam's House	48	3+2=5
May 31, 2012			Uttar Parulia	Mozammel Member's House	123	3+2=5
June 2- 6, 2012			**Leftover card distribution**	**Union Parishad**		3

Date	Time	Union	Village/ Slum	Card Distribution Point	Total Cards to be Distributed	Person involved
May 23-24, 2012	9 am-5 pm	Nowdabash	Dhaolai	Jorasal Community Clinic	175	3+2=5
May 26-28, 2012			Ketkibari	Family Welfare Center (FWC)	311	3+2=5
May 29, 2012			Pashchim Nowdabash	Union Parisad Office	84	3+2=5
May 30-31, 2012			Purba Nawdabash	Purba Nowdabash Community Clinic	185	3+2=5
June 2- 6, 2012			**Leftover card distribution**	**Union Parisad**		3
May 23-24, 2012	9 am-5 pm	Sindurna	Char Shindurna	Concern Office/Abdul Halim Members' House	222	3+2=5
May 26-27, 2012			Dakshin Sindurna	Dhakhin Sindurna Community Clinic	164	3+2=5
May 28-29, 2012			Purba Sindurna	Sindurna Up Office	193	3+2=5
May 30, 2012			Uttar Haldibari	Toroni member's House	53	3+2=5
May 31, 2012			Uttar Shindurna	Hamida Members House	48	3+2=5
June2- 6, 2012			**Leftover card distribution**	**Union Parisad**		3
May 23-24, 2012	9 am-5 pm	Singimary	Dubni	Dubni Community Clinic	159	3+2=5
May 26, 2012			Char Dubni	Dubni Community Clinic	52	3+2=5
			Dakhin Dhubni	BCCP Worker Shahjahan's House	52	3+2=5
May 27-28, 2012			Goddimari	FWC	276	3+2=5
May 29-31, 2012			Singimari	Singimary Community Clinic	347	3+2=5
June 2-6, 2012			**Leftover card distribution**	**Union Parisad**		3
				Total	**4,238**	

- BCCP Field Worker in every union - 3
- Volunteer in every union - 2

জলঢাকা উপজেলা

Date	Time	Union	Village/ Slum	Card Distribution Point	Total Cards to be Distributed	Person involved
May 23, 2012	9 am-5 pm	Kaimari	Balapara	Rath Bazar Community clinic	84	5+5=10
May 24, 2012			Binyakuri	Binyakuri Government Primary School	112	5+5=10
May 26-27, 2012			Chengmari	Community Clinic	224	5+5=10
			Chhirabodi		36	
May 28- 29, 2012			Gabrole	Community Clinic	193	5+5=10
May 30-June 4, 2012			Kaimari	Dolapara Community Clinic	863	5+5=10
June 5-6, 2012			Saulmari (Mouza)	Alishia Para Govt. Primary School	351	5+5=10
			Talukbadi	Talukbari Girls School	17	
May 23-27, 2012	9 am-5 pm	Kanthali	Dakshin Deshibai	Community Clinic	443	5+5=10
May 27-30, 2012			Paschim Kanthali	Rong-er Bazar Community Clinic	351	5+5=10
May 31-June 3, 2012			Purba Kanthali	Dangapara Registered Primary School	326	5+5=10
June 4-6, 2012			Uttar Deshibai	FWC	481	5+5=10
May 23, 2012	9 am-5 pm	Khutamara	Arazi Kanthali	Arazi Kanthali Govt. Primary School	150	5+5=10
May 24, 2012			Baonabaoni	Baonabaoni Govt. Primary school	128	5+5=10
May 26, 2012			Harishchandra Pat	Community Clinic	184	5+5=10
May 27,29, 2012			Khalisa Khutamara	FWC	324	5+5=10
May 30, 2012			Kismat Bottola	Kismat Bottola Registered Primary School	147	5+5=10
May 31 & 2 june, 2012			Paschim Khutamara	Community Clinic	313	5+5=10
June 3 -4, 2012			Purba Khutamara	Community Clinic	356	5+5=10
June 6, 2012			**Leftover card distribution**			5

Date	Time	Union	Village/ Slum	Card Distribution Point	Total Cards to be Distributed	Person involved
May 23, 24, 2012	9 am-5 pm	Mirganj	Kalkeot	Community Clinic	245	5+5=10
May 25-26, 2012			Mirganj	Adarshagram Registered Primary School	185	5+5=10
			Nijpara	Nijpara Registered Primary School	70	
May 28-30, 2012			Paschim Shimulbari	Community Clinic	300	5+5=10
May 31-June 2, 2012			Pathan Para	Maddah Pathan Para Govt. Primary school	242	5+5=10
June 3-4, 2012			Purba Shimulbari	Udayan Primary School	195	5+5=10
June 5, 2012			Araji Pathan Para	Araji Pathan Para Govt. Primary school	103	5+5=10
			Adarshogram		2	
June 6, 2012			**Leftover card distribution**			5
May 23-26, 2012	9 am-5 pm	Saulmari	Gopaljhar	Community Clinic	290	5+5=10
May 27-30, 2012			Singria	Community Clinic	326	5+5=10
May 31-June 5, 2012			Taluk Saulmari	FWC	694	5+5=10
June 6, 2012			**Leftover card distribution**			5
				Total	**7,735**	

- BCCP Field Worker in Kaimari Union 6, Shoulmari-5, Khutamara- 5, Mirgonj-4 and Kanthali-5
- Volunteer in every union - 5

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

Date	Time	Union	Village/ Slum	Beneficiaries	Card Distribution Point	Total Cards to be Distributed	Person involved
May 23, 2012	9 am-5 pm		Refugee Colony	415	Adamjee Umm-al-Qura Junior High School	415	10
May 24, 2012							
May 28, 2012	9 am-5 pm		Shantinagar	134	Hazi Kafil Uddin's House	134	6
			Old Jimkhana Slum	78	Heart Foundation, Mondalpara	78	4
May 29, 2012	9 am-5 pm		Talla Baro Mosque Slum	130	NCC Community Center, Jelepara	130	5
			DN Road Slum	30	Heart Foundation, Mondalpara	111	5
			Relly Bagan (South)	81			
May 30, 2012	9 am-5 pm		Talla Baro Mosque Slum	10	NCC Community Center, Jelepara	127	5
			Jelepara Slum	76			
			Bagpara Slum	41			
			New Jimkhana Slum	77	Heart Foundation, Mondalpara	114	5
			Relly Bagan (North)	29			
			Sweeper Colony, Tanbazar	8			
May 31, 2012	9 am-5 pm		Rishipara Slum	119	Heart Foundation, Mondalpara	119	5
			Joha & Bro. (M. Circus)	57	NCC Community Center, Jelepara	123	5
			Haziganj Railway Slum	32			
			Ibrahim Textile Mill Slum	23			
			BJMC Slum	11			
June 2, 2012	9 am-5 pm		Shahidnagar Slum	119	Councilor's Office, Tamakpotti	119	5
			Beparipara Slum	52	Heart Foundation, Mondalpara	124	5
			Namapara Slum	47			
			Bhuiyanpara Slum	25			
June 3, 2012	9 am-5 pm		Nuluapara Slum	95	Councilor's Office, Tamakpotti	119	5

Date	Time	Union	Village/ Slum	Beneficiaries	Card Distribution Point	Total Cards to be Distributed	Person involved
			Al Amin Nagar Slum	24			
			Rishipara Slum	30	Heart Foundation, Mondalpara	110	5
			Bazna Para	44			
			1 No. Railgate Slum	23			
			Baburail Rishipara Slum	13			
June 4, 2012	9 am-5 pm		Deara Slum	42	Councilor's Office, Tamakpotti	101	5
			Kumudini Bagan (Shitalakkha)	26			
			Muslimnagar Slum	33			
			Bou Bazar Railway Slum	40	Paribarik Shastho Clinic (NCC), Don Chamber	111	5
			Khalil Mia's House	4			
			Kumudini Bagan (Khanpur)	58			
			Kumudini Bagan (Metro)				
			Muchibari Slum	9			
June 5, 2012	9 am-5 pm		Isdair Railway Slum	117	Surovi School, Isdair Railway Slum	119	10
			Isdair Sweeper Colony	2			
					Total	**2,154**	

সুবিধাবঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প

ক্যাশ কার্ড বিতরণ সম্পর্কিত
মাঠকর্মীদের ওরিয়েন্টেশন

অধিবেশন-২
ক্যাশ কার্ড বিতরণকারী টিম ও
বিতরণের জন্য প্রচারণা

ক্যাশ কার্ড বিতরণকারী টিম

- ক্যাশ কার্ড বিতরণের জন্য প্রতি ইউনিয়নে/এলাকায় একটি করে মোবাইল টিম কাজ করবে। প্রতিটি টিমে ৫/৬ জন সদস্য কাজ করবেন। টিমগুলো তাদের সিডিউল অনুযায়ী সংশিণ্টষ্ট ইউনিয়নের/এলাকার নির্দিষ্ট স্থানে ঘুরে ঘুরে কাজ করবেন।
- মাঠকর্মীদের পাশাপাশি প্রতি ইউনিয়নে প্রয়োজন অনুযায়ী কিছু সংখ্যক স্বেচ্ছাসেবী ক্যাশ কার্ড বিতরণে সহায়তা করবে।

ক্যাশ কার্ড বিতরণকারী টিম

কার্যক্রম	সদস্য সংখ্যা	দায়িত্ব
শৃঙ্খলা রক্ষা	২ জন (স্বেচ্ছাসেবক)	মা/পরিচর্যাকারীরা কেন্দ্রে আসার সাথে সাথে তাদেরকে সুশৃঙ্খলভাবে লাইন ধরে দাড়াতে সাহায্য করা এবং ওরিয়েন্টেশন সেশনে যেতে সাহায্য করা।
ওরিয়েন্টেশন	১ জন (কর্মী)	মা/পরিচর্যাকারীদের কার্যক্রম সম্পর্কে মূল তথ্য প্রদান, ক্যাশ কার্ড গ্রহণের প্রক্রিয়া, ক্যাশ কার্ড ব্যবহারের উপায় ও পিন (PIN) সম্পর্কে জানানো/শেখান।
ক্যাশ কার্ড বিতরণ	১ জন (কর্মী)	মা/পরিচর্যাকারীদের কাছে ক্যাশ কার্ড ও পিন (PIN) হস্তান্তর করা। এক্ষেত্রে তিনি এনরোলমেন্ট স্লিপ ও জাতীয় পরিচয় পত্র দেখে প্রকৃত মা/পরিচর্যাকারী সম্পর্কে নিশ্চিত হয়ে নেবেন এবং রেজিস্টারে তাদের স্বাক্ষর বা টিপসই গ্রহণ করবেন।
কেস/পিন ম্যানেজমেন্ট	১ জন (কর্মী)	কার্ডে ভুল নাম, তালিকায় না থাকা, কার্ড না পাওয়া, পিন (PIN) নাম্বার না থাকা ইত্যাদি বিভিন্ন ধরনের সমস্যা লিপিবদ্ধ করা ও সে সম্পর্কে রিপোর্ট করা। সমস্যা না থাকলে ক্যাশ কার্ডের ব্যবহার পদ্ধতি এবং পিন (PIN) নাম্বার গোপন রাখার বিষয়ে পুনর্বার বলা।

ক্যাশ কার্ড বিতরণের জন্য প্রচারণা

- মে মাসের ১৫-২০ তারিখের মধ্যে ক্যাশ কার্ড বিতরণের জন্য সুবিধাভোগীদের মধ্যে প্রচারণা চালাতে হবে
- এই প্রচারণার জন্য সুবিধাভোগীদের মধ্যে লিফলেট বিতরণ করা হবে
- এই লিফলেট অনুযায়ী সহজ এবং মূল বার্তাগুলো সুবিধাভোগীদের কাছে পৌঁছাতে হবে (লিফলেট সংযুক্ত)

  মূল বার্তাগুলো হচ্ছে:
  - কেন ক্যাশ কার্ড দেয়া হচ্ছে
  - কে ক্যাশ কার্ড নিতে পারবেন
  - কোথায়, কবে এবং কখন ক্যাশ কার্ড বিতরণ করা হবে
  - ক্যাশ কার্ড গ্রহণের সময় কি কি আনতে হবে
- ক্যাশ কার্ড বিতরণের জন্য ক্যাশ কার্ড বিতরণের স্থানসমূহে ব্যানার টানানো হবে।



সুবিধাবঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প

ক্যাশ কার্ড বিতরণ সম্পর্কিত
মাঠকর্মীদের ওরিয়েন্টেশন

অধিবেশন-৩
ক্যাশ কার্ড বিতরণের ধাপ ও প্রক্রিয়া

ক্যাশ কার্ড বিতরণের ধাপ ও প্রক্রিয়া

- ক্যাশ কার্ড বিতরণের জন্য নিচের ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করতে হবে:

ধাপ-১: শৃঙ্খলা রক্ষা

- মা/পরিচর্যাকারীরা কেন্দ্রে আসার সাথে সাথে তাদেরকে সুশৃঙ্খলভাবে লাইন ধরে দাঁড়াতে সাহায্য করা।
- আগত প্রত্যেকে তাদের এনরোলমেন্ট স্লিপ ও জাতীয় পরিচয় পত্র এনেছে কিনা তা নিশ্চিত হওয়া।
- লাইন থেকে প্রতিবার ২০-২৫ জন মা/পরিচর্যাকারীকে ওরিয়েন্টেশন সেশনে পাঠানো।

ধাপ-২: সুবিধাভোগীদের ওরিয়েন্টেশন

- দ্বিতীয় ধাপে সুবিধাভোগীদের ২০-২৫ জনকে একত্রিত করে ক্যাশ কার্ড ব্যবহার ও টাকা পাবার শর্ত পূরণের জন্য তাদের করণীয় বিষয়ে ভালোভাবে বুঝিয়ে দেবেন।
- ওরিয়েন্টেশনে সুবিধাভোগীদের নিচের মূল তথ্যগুলো ভালোভাবে বুঝিয়ে বলতে হবে:

ক্যাশ কার্ড বিতরণের সময় সুবিধাভোগী পরিবারকে বলার জন্য মূল তথ্য সমূহ

পাইলট প্রকল্প

১. প্রকল্পটি ১ বছর মেয়াদী পাইলট/পরীমূলক প্রকল্প।
২. এই পাইলট প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে, শিশুর স্বাস্থ্য/পুষ্টি অবস্থার উন্নয়ন করা এবং প্রাথমিক বিদ্যালয়ে শিশুর উপস্থিতির হার বাড়ানো।

সুবিধাভোগী পরিবারকে যা মেনে চলতে হবে

৩. স্বাস্থ্য বিষয়ক সহায়তা পেতে ০-৩৬ মাস বয়সী শিশুর বৃদ্ধি পরিমাপের জন্য অবশ্যই প্রতি মাসে একবার নির্দিষ্ট স্থানে আনতে হবে।
৪. শিক্ষা বিষয়ক সহায়তা পেতে সুবিধাভোগী শিশুকে প্রতিদিন স্কুলে উপস্থিত থাকতে হবে।
৫. মা অথবা পরিচর্যাকারীকে প্রতি মাসে একবার অবশ্যই একটি স্বাস্থ্য শিক্ষা মিটিংয়ে উপস্থিত থাকতে হবে। এই মিটিং এবং শিশুর বৃদ্ধি পরিমাপ একইদিনে হতে পারে।
৬. সহায়তা হিসাবে পাওয়া টাকা শিশুর খাদ্যের জন্য বা শিক্ষার জন্য ব্যয় করতে হবে।

টাকা হস্তান্তর

৭. এই প্রকল্প সময়ে সুবিধাভোগী পরিবারকে মোট ৬ বার টাকা দেয়া হবে।

৮. স্বাস্থ্য বিষয়ে সুবিধাভোগী পরিবারগুলো প্রতি মাসে ৪০০ টাকা হিসাবে ২ মাস পর পর সর্বোচ্চ ৮০০ টাকা পর্যন্ত পাবে।

৯. শিক্ষা বিষয়ে সুবিধাভোগী পরিবারগুলো প্রতি মাসে ৪০০ টাকা হিসাবে ২ মাস পর পর সর্বোচ্চ ৮০০ টাকা পর্যন্ত পাবে।

১০. স্বাস্থ্য ও শিক্ষা উভয় বিষয়ে সুবিধাভোগী পরিবারগুলো প্রতি মাসে ৮০০ টাকা হিসাবে ২ মাস পর পর সর্বোচ্চ ১,৬০০ টাকা পর্যন্ত পাবে।

১১. ০-৩৬ মাস বয়সী সুবিধাভোগী শিশুর বৃদ্ধি পরিমাপ করাতে না আসলে অথবা মা/পরিচর্যাকারী স্বাস্থ্য শিক্ষা মিটিংয়ে উপস্থিত না থাকলে ঐবার কোন টাকা পাবেন না।

১২. একইভাবে সুবিধাভোগী সন্তান স্কুলে না গেলে ঐবার কোন টাকা পাবেন না।

১৩. প্রথমবার জুন মাসের ৬ তারিখে সুবিধাভোগীর একাউন্টে টাকা পাঠানো হবে এবং নির্ধারিত তারিখে ইউনিয়ন পোস্ট অফিস থেকে টাকা তোলা যাবে।

১৪. প্রতি ২ মাস পর পর পূর্ব নির্ধারিত নির্দিষ্ট তারিখ অনুযায়ী ইউনিয়ন পোস্ট অফিস থেকে টাকা তোলা যাবে। এছাড়াও, একজন সুবিধাভোগী যে কোন দিন যে কোন সময় উপজেলা পোস্ট অফিস থেকে টাকা তুলতে পারবেন।

টাকা তোলা

১৫. প্রকল্পের পক্ষ থেকে বাংলাদেশ ডাকঘর/পোস্ট অফিসে সুবিধাভোগীর মা/পরিচর্যাকারীর নামে একটি একাউন্ট/হিসাব খোলা হবে।

১৬. মা/পরিচর্যাকারী একটি ক্যাশ কার্ড পাবেন যা দিয়ে বাংলাদেশ ডাকঘর/পোস্ট অফিসের নির্ধারিত শাখা থেকে প্রাপ্ত টাকা তুলতে পারবেন।

১৭. ক্যাশ কার্ডের সাথে দেয়া গোপন সংখ্যা/নাম্বারটি অবশ্যই মনে রাখতে হবে।

১৮. এই গোপন নাম্বার/সংখ্যা ছাড়া টাকা তোলা যাবে না।

১৯. গোপন নাম্বারটি অন্য কাউকে জানানো যাবে না। কারণ, গোপন নাম্বারটি অন্য কেউ জানলে ক্যাশ কার্ড ব্যবহার করে টাকা তুলে নিতে পারে।

কেস ম্যানেজমেন্ট

২০. গোপন নাম্বারটি ভুলে গেলে মা/পরিচর্যাকারীকে তা পরিবর্তনের জন্য অবশ্যই ডাকঘর/পোস্ট অফিসে যেতে হবে।

২১. ক্যাশ কার্ড হারিয়ে গেলে মা/পরিচর্যাকারী নতুন কার্ডের জন্য অবশ্যই প্রকল্পের মাঠকর্মীকে জানাবেন।

প্রকল্প থেকে নাম বাদ পড়া

২২. প্রকল্প সময়ের মধ্যে সুবিধাভোগী কোন শিশুর মৃত্যু হলে শিশুর মা/পরিচর্যাকারী অবশ্যই তা প্রকল্পের মাঠকর্মীকে জানাবেন।

২৩. পাইলট প্রকল্পটি শেষ হয়ে গেলে অথবা সুবিধাভোগী শিশুটির মৃত্যু হলেই কেবলমাত্র সুবিধাভোগী পরিবারের নাম প্রকল্প থেকে বাদ যাবে।

ধাপ-৩: ক্যাশ কার্ড হস্তান্তর

- ক্যাশ কার্ড বিতরণের সময় বিসিসিপি'র কর্মীগণ মায়ের কাছে এনরোলমেন্টের সময় দেয়া স্লিপটি এবং জাতীয় পরিচয় পত্র চাইতে হবে এবং তা সুবিধাভোগীর তালিকার ফ্যামিলি কোড-এর সাথে মিলিয়ে দেখতে হবে।

D. RECEIPT				
1. Enrollment Centre	01	3. NIC Number or Member Code for Mother/Caregiver	BAN-35097-2	1 0 0 4 2 0 1 2
2. Family Code	BAN-35097-2	4. Name of Mother/Caregiver	MOMTAZ BEGUM	D D M M Y Y Y Y

- এক্ষেত্রে এনরোলমেন্ট স্লিপ ছাড়া কাউকে ক্যাশ কার্ড দেয়া যাবে না।
- মা/পরিচর্যাকারীর নাম লিস্টে না থাকলে তাকে কেস ম্যানেজমেন্ট ডেস্কে পাঠাতে হবে।
- মা/পরিচর্যাকারীর কাছে জাতীয় পরিচয় পত্র না থাকলে ফ্যামিলি এ্যালবাম থেকে সুবিধাভোগীর ছবি মিলিয়ে দেখতে হবে।

- ফ্যামিলি কোডের সাথে সুবিধাভোগীর তালিকার মিল থাকলে মা/পরিচর্যাকারী ক্যাশ কার্ড পেতে পারেন।
- এক্ষেত্রে কার্ডটি হস্তান্তরের আগে ভালোভাবে পরীক্ষা করতে হবে যে ক্যাশ কার্ডের সকল তথ্য ঠিক আছে।
- এরপর তালিকায় নামের পাশে ক্যাশ কার্ড গ্রহণকারীর স্বাক্ষর অথবা টিপ সই গ্রহণ নিশ্চিত করতে হবে।
- কার্ডের সাথে দেয়া গোপন নাম্বারটি যেন অন্য কেউ না জানে সে ব্যাপারে তাকে পুনরায় সতর্ক করতে হবে।

ধাপ-৪: পিন (PIN)/কেস ম্যানেজমেন্ট

কেস ম্যানেজমেন্ট ডেস্ক থেকে খুঁজে না পাওয়া কার্ড, কার্ডে নাম বা অন্য তথ্যের ভুল, পিন (PIN) নাম্বার না থাকা বা পিন (PIN) নাম্বার বোঝা না যাওয়া ইত্যাদি বিষয়গুলো দেখা হবে।

কেস ম্যানেজমেন্ট কর্মীর কাছে যা থাকবে:

- বিভিন্ন কেসগুলো লিপিবদ্ধ করার জন্য কেস ম্যানেজমেন্ট রেজিস্টার
- সুবিধাভোগীদের তালিকা
- কাগজ, কলম ইত্যাদি

ধারণা করা যায় যে, নিম্নলিখিত সাধারণ কেসগুলো বেশি আসতে পারে:

১. চূড়ান্ত লিস্টে থাকা সুবিধাভোগীর জন্য কোন কার্ড না থাকা, এক্ষেত্রে:

- কর্মী এনরোলমেন্ট স্লিপটির সাথে সুবিধাভোগীর তালিকা মিলিয়ে দেখবেন।
- তালিকায় নাম না থাকলে ধরে নিতে হবে ঐ পরিবারটি কার্ড পাওয়ার জন্য উপযুক্ত নয়, তাই কার্ড তৈরি হয়নি। কর্মী তাকে অবশ্যই বুঝিয়ে বলবেন যে, এটি একটি পাইলট প্রকল্প, তবে পরবর্তীতে কর্মসূচিটি ব্যাপক আকারে বাস্তবায়ন করা হলে তাদের তালিকাভুক্ত হবার সুযোগ থাকবে।

– তালিকায় পরিবারটির নাম থাকলে, বুঝতে হবে কার্ডটি অন্য কোন স্থানে বা অন্য কোন প্যাকেটে আছে। এমন অবস্থায় মা/পরিচর্যাকারীকে বলতে হবে যে, কার্ডটি খুঁজে দেখা হবে এবং এ বিষয়ে টাকা তোলার সময় তাকে জানিয়ে দেয়া হবে। কর্মীকে বিষয়টি অবশ্যই কেস ম্যানেজমেন্ট ফরম-এ লিপিবদ্ধ করতে হবে।

- **কার্ডে নামের ভুল থাকা, এক্ষেত্রেঃ**
  – কর্মীকে কেস ম্যানেজমেন্ট ফরম-এর নির্ধারিত স্থানে ফ্যামিলি কোড ও সঠিক নাম লিখতে হবে।
  – মা/পরিচর্যাকারীকে জানাতে হবে যে দ্বিতীয়বার টাকা প্রদানের সময় তাদের কাছে সঠিক নামের কার্ড বিতরণ করা হবে।

- **কার্ডের সাথে পিন** (PIN) **নাম্বার না থাকা বা অস্পষ্ট পিন** (PIN) **নাম্বার, এক্ষেত্রেঃ**
  – কর্মীকে ঘটনাটি কেস ম্যানেজমেন্ট ফরমের নির্ধারিত স্থানে লিপিবদ্ধ করতে হবে।
  – মা/পরিচর্যাকারীকে জানাতে হবে যে, দ্বিতীয়বার টাকা প্রদানের সময় তার কাছে সঠিক পিন (PIN) নাম্বারের কার্ড প্রদান করা হবে।

ক্যাশ কার্ডের জন্য কেস ম্যানেজমেন্ট ফরমে নমুনা নিচে দেয়া হলো:

বিভাগ .....
জেলা .....
উপজেলা/সিটি কর্পোরেশন .....
তারিখ .....
কর্মীর নাম .....

ক্রমিক নং	ফ্যামিলি কোড	কেস-এর ধরন	মা/পরিচর্যাকারীর সঠিক নাম	পর্যবেক্ষণ

কেস-এর ধরন
১. কার্ড না থাকা
২. কার্ডে ভুল নাম আসা
৩. পিন (PIN) নাম্বার নাই অথবা অস্বচ্ছ

- কার্ড বিতরণের কাজ শেষ হয়ে যাবার পর কেস ম্যানেজমেন্ট কর্মী কেস এর সবগুলো ফরম একত্রিত করে বিসিসিপি'র সংশ্লিষ্ট প্রোগ্রাম অফিসারের কাছে প্রেরণ করবে। বিসিসিপি থেকে সেগুলো পরে পিএমইউ-তে পাঠানো হবে।

- বিসিসিপি অবিলিকৃত কার্ডগুলো গ্রাম অনুযায়ী গুছিয়ে নেবে এবং কার্ড ও কেসের ফরমগুলোকে একত্রিত করে পিএমইউতে পাঠাবে। পিএমইউ সেগুলোকে বাংলাদেশ পোস্ট অফিসে পাঠাবে।

সুবিধাবঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প

ক্যাশ কার্ড বিতরণ সম্পর্কিত
মাঠকর্মীদের ওরিয়েন্টেশন

অধিবেশন-৪
ক্যাশ কার্ডের মাধ্যমে
টাকা তোলার কৌশল

কার্ডের মাধ্যমে টাকা তোলা

ক. সুবিধাভোগী ডাকঘরে অথবা তার নিকটস্থ নির্দিষ্ট স্থানে গিয়ে টাকা তোলার জন্য নিচের ফরমের মতো একটি ফরম পূরণ করবেন।

বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টাল ক্যাশকার্ড সার্ভিস

পিসিসি-৩
টাকা উত্তোলন ফরম
অফিস কপি

অফিসের নামঃ..... তারিখ.....

গ্রাহকের নাম ঃ .....

কার্ড নম্বরঃ

অফিস পূরন করবে

উত্তোলনকৃত অথ .....
উত্তোলন চার্জ .....
অন্যান্য চার্জ .....
মোট .....
Approval Code .....
কর্মকর্তার স্বাক্ষর .....

উত্তোলনকৃত টাকার পরিমান .....
কথায় .....

ডাকঘরের তারিখের মোহর

গ্রাহকের স্বাক্ষর .....

খ. সুবিধাভোগী ফরমের নির্ধারিত স্থানে নাম, কার্ড নম্বর এবং কত টাকা তুলবেন তা অংকে ও কথায় লিখে ডাক কর্মকর্তাকে দেবেন। এই পর্যায়ে তিনি ফরমে কোন স্বাক্ষর করবেন না।

গ. সুবিধাভোগীর কার্ডটি নিয়ে ডাক কর্মকর্তা পিওএস মেশিনে সোয়াইপ করবেন। এরপর সুবিধাভোগী পিওএস মেশিনে ক্যাশ কার্ডের সাথে দেয়া গোপন পিন (PIN) নাম্বারটি দিবেন।

প্রিন্টের জন্য অপেক্ষা করুন

ঘ. এরপর পিওএস মেশিন থেকে বের হওয়া রিসিট এবং ফরমে লেখা টাকার পরিমান সুবিধাভোগী মিলিয়ে দেখবেন।

ঙ. সুবিধাভোগী টাকা তোলার ফরমে স্বাক্ষর করে ফরমটি ডাক কর্মকর্তাকে ফেরত দিবেন।

চ. সুবিধাভোগী ডাক কর্মকর্তার কাছ থেকে উত্তোলনকৃত টাকা, পিওএস রিসিট ও কার্ড ফেরৎ নিবেন।

লক্ষণীয়ঃ

১. প্রকল্প সময়ে প্রথম ৪ (চার) বার টাকা তোলার জন্য সুবিধাভোগীকে কোন চার্জ দিতে হবে না।

২. পরবর্তীতে যে কোন অংকের টাকা তোলার জন্য প্রতিবার সুবিধাভোগীকে ৫ টাকা করে চার্জ দিতে হবে।

৩. সুবিধাভোগী প্রতিদিন ২ বারের বেশী টাকা তুলতে পারবে না।

৪. ক্যাশ কার্ডের সাথে দেয়া পিন (PIN) নম্বরটি অত্যন্ত গোপনীয়। সুবিধাভোগীকে সতর্ক করে দিন যেন তিনি তার গোপন পিন (PIN) নম্বরটি অন্য কাউকে না বলেন অথবা না দেখান। এমনকি মাঠকর্মীকেও না।

Attachment–5:

Training Guideline on Nutrition

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে **'সম্ভব'** পাইলট প্রকল্প

মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

আগস্ট, ২০১২

‘সম্ভব’ পাইলট প্রকল্প

পুষ্টি বিষয়ক মাঠকর্মীদের প্রশিক্ষণ

বিষয়	**সময়**	**কৌশল**
রেজিস্ট্রেশন, প্রশিক্ষণ উদ্বোধন এবং পরিচিতি	৯:০০-৯:৩০	প্রশিক্ষণ শুরু পরিচিতি
খাদ্য ও পুষ্টি – পুষ্টি কি – অপুষ্টি চক্র – অপুষ্টির কারণ এবং অপুষ্টি প্রতিরোধের উপায়	০৯:৩০- ১০:০০	– ব্রেইনস্টর্মিং – পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
মায়ের বুকের দুধ সম্পর্কিত তথ্য – শালদুধ – ০-৬মাস পর্যন্ত শুধুমাত্র বুকের দুধ খাওয়ানো – ৬মাস হওয়ার আগে বাড়তি খাবার দেয়ার কুফল	১০:০০- ১০:৪৫	– ব্রেইনস্টর্মিং – পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
চা বিরতি	১০:৪৫-১১:০০	
মায়ের বুকের দুধ সম্পর্কিত তথ্য – গুড়াদুধ/বোতলের দুধের কুফল – বুকের দুধ খাওয়ানোর ক্ষেত্রে বাধা – সফলভাবে মায়ের দুধ খাওয়ানোর নিয়ম	১১.০০-১১.৩০	– পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
পরিপূরক খাবার – পরিপূরক খাবারের ধরণ ও পরিমান - পরিপূরক খাবার দেওয়ার সময়	১১:৩০-১২:১৫	– পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – অনুশীলন – আলোচনা
খাবারে বৈচিত্র্য/বিভিন্নতা – খাবারে বৈচিত্র্য/বিভিন্নতা কি – খাবারে বৈচিত্র্য/বিভিন্নতা কেন আনা হয় – বিভিন্ন খাবারে বৈচিত্র্য/বিভিন্নতা সম্পর্কিত তথ্য	১২:১৫-১:০০	– পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – চর্চা/অনুশীলন – আলোচনা
মধ্যাহ্ন বিরতি	**০১:০০- ০২:০০**	
শিশুর সাধারণ রোগসমূহ ও এর প্রতিকার – ডায়ারিয়া – এআরাাই/ নিউমোনিয়া – জ্বর	০২:০০- ০৪:০০	– পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – ডেমোনেস্ট্রেশন – চর্চা/অনুশীলন – আলোচনা
চা বিরতি	**০৪:০০- ০৪:১৫**	
ফিডব্যাক ও শিখনের সারসংক্ষেপ	০৪:১৫- ০৫:০০	– ফিডব্যাক সংগ্রহ – সারাংশ আলোচনা
প্রশিক্ষণ সমাপনী	০৫:০০	

‘সম্ভব’ পাইলট প্রকল্প

পুষ্টি বিষয়ক মাঠকর্মীদের প্রশিক্ষণ

চলমান

বিষয়	**সময়**	**কৌশল**
পূর্বদিনের পর্যালোচন া	৯:০০-৯:১৫	– উপস্থাপনা – আলোচনা
শিশুর অপুষ্টি – অপুষ্টি চিহ্নিতকরণ – অপুষ্টিজনিত রোগসমূহ ও এর প্রতিকার	০৯:১৫-১০:৩০	– পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
চা বিরতি	১০:৩০-১০:৪৫	
সম্পূরক খাদ্য – আয়োডিনযুক্ত লবণ – ভিটামিন এ সম্পূরক	১০:৪৫ -১১.১৫	– ব্রেইনস্টর্মিং – পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
পুষ্টির অভাবজনিত রোগ – পুষ্টির অভাবজনিত রোগ কি – এনিমিয়া – রাতকানা	১১:১৫-১২:৪৫	– ব্রেইনস্টর্মিং – পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
শিশুর টিকা ও নবজাতকের যত্ন – শিশুর টিকা – নবজাতকের যত্ন – পরিষ্কার পরিচ্ছন্নতা	১২:৪৫-০১:১৫	– পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – ডেমোনেস্ট্রেশন – চর্চা/অনুশীলন – আলোচনা
মধ্যাহ্ন বিরতি	**০১:১৫-০২:০০**	
কার্যকর দলীয় সভা/ স্বাস্থ্য শিক্ষা অধিবেশন আয়োজন ও পরিচালনা	০২:০০-০২:৪৫	– পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
কার্যকর দলীয় সভা/ স্বাস্থ্য শিক্ষা অধিবেশন আয়োজন ও পরিচালনা (অনুশীলন)	০২:৪৫-০৩:৪৫	– চর্চা/অনুশীলন – আলোচনা
চা বিরতি	০৩:৪৫-০৪:০০	
কমিউনিটি মবিলাইজেশন – উদ্দেশ্য – কৌশল	০৪:০০-০৪:৪৫	– গল্প বলা – পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন – আলোচনা
ফিডব্যাক সংগ্রহ	০৪:৪৫-০৫:০০	– ফিডব্যাক সংগ্রহ – সারাংশ আলোচনা
প্রশিক্ষণ সমাপনী	০৫:০০	

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ১
খাদ্য ও পুষ্টি

খাদ্য

খাদ্য হচ্ছে এমন কতগুলো প্রয়োজনীয় উপাদানের সমষ্টি যা গ্রহণের মাধ্যমে শরীরের স্বাভাবিক বৃদ্ধি ও কর্মতৎপরতা বজায় থাকে, ক্ষয়পূরণ ও বিভিন্ন কাজের জন্য শক্তি যোগান দেয় এবং সর্বোপরি শরীর রোগ প্রতিরোধক শক্তি সঞ্চয় করে।

খাদ্যের পিরামিড

পুষ্টি

পুষ্টি হচ্ছে একটি গতিশীল প্রক্রিয়া, যার মাধ্যমে গ্রহণ করা খাদ্য পরিপাক ও শোষিত হয়। এক কথায় বলা যেতে পারে পুষ্টি হচ্ছে দেহে খাদ্যের প্রতিফলন। ৩টি ধাপে পুষ্টি প্রক্রিয়াটি পর্যায়ক্রমে সম্পন্ন হয়।

(১) খাদ্য গ্রহণ
(২) পরিপাক
(৩) সর্বশেষ বিপাক।

আমাদের দেশের অতিদরিদ্র পরিবারগুলো অপুষ্টির দুষ্ট চক্রের মধ্যে বছরের পর বছর বেঁচে থাকে।

অপুষ্টির দুষ্ট চক্র



শিশুর অপুষ্টি প্রতিরোধ

গর্ভাবস্থায়

১. সকল গর্ভবতী মহিলাকে গর্ভকালীন সেবা ও পরীক্ষার জন্য নিয়মিত স্বাস্থ্যকেন্দ্রে যেতে হবে

২. গর্ভকালীন সময়ে মাকে সঠিকভাবে সুষম খাদ্য গ্রহণ করতে হবে

৩. গর্ভবতী মাকে ভারি কাজ থেকে বিরত রাখতে হবে এবং তাকে পর্যাপ্ত বিশ্রামের সুযোগ দিতে হবে (রাতে ৮ ঘন্টা, দিনে কমপক্ষে ১ ঘন্টা)।

জন্মের পরে

১. জন্মের সঙ্গে সঙ্গে শিশুকে শালদুধ দিতে হবে

২. শিশুর ছয় মাস বয়স পূর্ণ হওয়া পর্যন্ত শুধুমাত্র মায়ের দুধই খাওয়াতে হবে।

৩. শিশুর বয়স ছয় মাস পূর্ণ হলে, মায়ের দুধের পাশাপাশি শিশুকে সুষম বাড়তি খাবার দিতে হবে

৪. জন্মের এক বৎসরের মধ্যে শিশুকে ৭টি রোগের টিকা দিতে হবে।

৫. নয় মাস বয়সে শিশুকে হামের টিকার সঙ্গে একটি ভিটামিন ‘এ’ ক্যাপসুল (১,০০,০০০ আইইউ) খাওয়াতে হবে।

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ২
মায়ের দুধের পুষ্টি ও
এ সম্পর্কিত তথ্য

০ থেকে ৬ মাস বয়সী শিশুর জন্য খাদ্য বিষয়ক নির্দেশনা

শিশুর জন্য মায়ের বুকের দুধ সৃষ্টিকর্তার আশীর্বাদ স্বরূপ।শিশু জন্মের পর তার জন্য একমাত্র খাবার হল মায়ের বুকের দুধ।জন্মের পর থেকে পূর্ণ ছয় মাস বয়স পর্যন্ত শিশুর পুষ্টি এবং সঠিক বৃদ্ধি ও বিকাশের জন্য বুকের দুধই একমাত্র উৎকৃষ্ট খাবার। প্রথম ছয় মাস শিশুর দরকারী সব খাবার ও পানীয় মায়ের দুধে থাকে। গরম আবহাওয়াতেও এ ছয় মাস শিশুকে আলাদা করে পানি খাওয়ানোর কোনই প্রয়োজন নেই। ছয় মাস বয়স পর্যন্ত শিশুকে বার বার শুধুমাত্র মায়ের দুধ দিতে হবে এবং এরপর থেকে শিশুর ২ বছর বয়স পর্যন্ত মায়ের দুধের পাশাপাশি অন্যান্য খাবার চালিয়ে যেতে হবে।

শিশুর জন্মের পর যত দ্রুত সম্ভব তাকে মায়ের কাছে দিতে হবে। শিশুকে মায়ের বুকের কাছে নিলে সে নিজে থেকে মায়ের বুকের দুধ চুষতে শুরু করবে ও তার প্রয়োজন মত শালদুধ গ্রহন করবে।এ কাজটি শিশুর জন্মের আধাঘন্টার মধ্যে অবশ্যই করতে হবে। কেননা এতে

- মায়ের বুকের দুধ তৈরীর ক্ষমতা বৃদ্ধি পায়
- মা ও শিশুর মধ্যে বন্ধন দৃঢ় হয়

ছয় মাস পর্যন্ত শিশুর জন্য শুধুমাত্র মায়ের বুকের দুধই যথেষ্ট। শিশুকে মায়ের দুধ ছাড়া অন্য কোন খাবার বা পানীয়, যেমনঃ পানি, মধু, মিছরির পানি, চিনির পানি, সরিষার তেল ইত্যাদি খাওয়ানোর কোন প্রয়োজন নেই।এগুলো শিশুর জন্য ক্ষতির কারণ হতে পারে।

শালদুধ

শিশু জন্মের পর মায়ের বুকে প্রথম যে দুধ আসে তাকে শাল দুধ বলে। শাল দুধের রঙ হলুদ,এটি ঘন এবং আঠালো। এই শাল দুধ শিশুর প্রথম খাবার এবং প্রথম টিকা হিসেবে কাজ করে।

শালদুধের উপকারিতা

- শাল দুধে এমন কিছু উপাদান থাকে যা শিশুকে বিভিন্ন সংক্রামক রোগ হতে বাঁচায়
- প্রথম ৩/৪ দিন শালদুধ অল্প পরিমানে বের হয় কিন্তু এটি শিশুর চাহিদা বা পেট ভরানোর জন্য যথেষ্ট
- শিশুর পরবর্তী জীবনের সঠিক বৃদ্ধি ও সুস্থ থাকা, জন্ম পর পর শালদুধ খাওয়ানোর উপর অনেকাংশে নির্ভর করে

মায়ের দুধ খাওয়ানোর বিষয়ে পাঁচটি প্রধান তথ্য

- জন্মের পরপরই শিশুকে মায়ের প্রথম শাল দুধ খাওয়ান
- ছয় মাস বয়স পূর্ণ হওয়া পর্যন্ত মায়ের দুধই যথেষ্ট ।এসময় এমনকি পানিরও প্রয়োজন নেই।
- শিশুর বয়স ছয় মাস পূর্ণ হলে মায়ের দুধের পাশাপাশি পরিবারের অন্যান্য খাবার খাওয়ান।
- অসুস্থ শিশুকে মায়ের দুধ বারে বারে খাওয়ান ও অন্যান্য স্বাভাবিক খাবার খাওয়ান।
- গর্ভবতী ও প্রসূতি মায়ের পুষ্টি এবং শিশুর সুস্বাস্থ্যের জন্য গর্ভবতী ও প্রসূতি মাকে বেশী বেশী সুষম খাবার খেতে দিন।

ছয় মাস বয়স পর্যন্ত শুধুমাত্র মায়ের দুধ খাওয়ানোর প্রয়োজনীয়তা ও উপকারিতা

শিশুর উপকার

- মায়ের দুধ খেলে শিশুর শারীরিক বৃদ্ধি ও মানসিক বিকাশ ভাল হয়।
- শিশুর প্রয়োজনীয় সকল পুষ্টি উপাদান মায়ের দুধে সঠিক পরিমানে আছে।এছাড়া মায়ের দুধ সহজে হজম হয়।
- মায়ের দুধ শিশুর শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং শিশু সুস্থ থাকে।
- শিশু মায়ের দুধ খেলে তার ডায়রিয়া, নিউমোনিয়া, কানপাকা, এলার্জি হওয়ার আশঙ্কা কমে যায়।
- মায়ের দুধ খেলে শিশুর বুদ্ধি ভাল হয়।

মায়ের উপকার

- মা এবং শিশুর মধ্যে বন্ধন দৃঢ় হয়।
- মায়ের মাসিক দেরিতে হয় তাই পরবর্তী গর্ভধারণ হওয়ার আশঙ্কা পিছিয়ে যায়।
- শিশু জন্মের পর পরই মায়ের দুধ খাওয়ালে গর্ভফুল তাড়াতাড়ি পড়ে, জরায়ু আস্তে আস্তে পূর্বাবস্থায় ফিরে আসে, এছাড়া মায়ের শরীরের রক্ত কম ভাঙ্গে ফলে মা রক্তস্বল্পতা থেকে রক্ষা পায়।
- মায়ের ডিম্বাশয়ে, জরায়ুতে এবং স্তনে ক্যান্সার হওয়ার আশঙ্কা কমে যায়।
- মায়ের দুধ খাওয়ানো সহজ তাই মায়ের ঝামেলা কম হয়।

শিশুকে বিকল্প দুধ বা গরুর দুধ খাওয়ানোর অপকারিতা

- বোতলের দুধ শিশু অপেক্ষাকৃত সহজে টেনে খেতে পারে। তাই শিশু আর মায়ের দুধ খেতে চায় না ফলে মায়ের বুকে দুধ তৈরী হওয়াও কমে যায়
- বোতল ব্যবহৃত বিকল্প দুধ সব সময়ই রোগজীবাণু বহন করে।
- বিকল্প দুধ খাওয়ানোর জন্য উপকরনসমূহ যেমন -বোতল, চুষনী/নিপল,ইত্যাদি সহজেই ও খুব দ্রুত জীবাণু দ্বারা আক্রান্ত হয় যা শিশুর জন্য ক্ষতিকর।মা বা সাহায্যকারী অনেক বেশী পরিমান সতর্কতা অবলম্বন সত্ত্বেও জীবাণু সংক্রমন ঘটতে পারে।
- বিকল্প দুধে রোগ-জীবাণুর বিরুদ্ধে লড়াই করার কোনো ক্ষমতা থাকে না।
- বিকল্প দুধে শিশুরা যে কোনো রোগে আক্রান্ত হতে পারে এবং রোগ সারতে সময় লাগে।
- গরুর দুধে পর্যাপ্ত ভিটামিন, বিশেষ করে ভিটামিন সি থাকে না। ফলে শিশুকে আলাদাভাবে ফলের রস খাওয়াতে হয়।গুড়া দুধের ক্ষেত্রেও একই সমস্যা হয়ে থাকে
- গরুর দুধে পর্যাপ্ত আয়রন থাকলেও মায়ের দুধের মতো শিশুর অন্ত্রে তা বিশোষণ হয় না। ফলে শিশু রক্ত স্বল্পতায় ভোগে।
- গরুর দুধে অতিরিক্ত লবণ থাকে, ফলে শিশুদের খিঁচুনি হতে পারে।
- শিশুর বুদ্ধি বৃদ্ধির জন্য অত্যাবশ্যকীয় উপাদান গরুর দুধে বা গুড়াদুধে কম থাকে। কিন্তু মাতৃদুগ্ধে পর্যাপ্ত থাকে।

- হজমের জন্য প্রয়োজনীয় এনজাইম গরুর দুধে অনুপস্থিত থাকে। ফলে শিশুর পক্ষে গরুর দুধ হজম করা কষ্টকর।
- দেরীতে হজম হওয়ার ফলে শিশুর পাকস্থলি অনেকক্ষণ ভরা থাকে। সুতরাং শিশু অনেক দেরী করে খেতে চায়।
- গরুর দুধ বা বিকল্প দুধে অভ্যস্ত শিশুরা সাধারণত ডায়রিয়া, নিউমোনিয়া, কোষ্ঠকাঠিন্য ও একজিমা, কানপাকা, সর্দিকাশি ইত্যাদি রোগে আক্রান্ত হয়।
- গরুর দুধ বা বিকল্প দুধ খাওয়ানো ব্যয় সাপেক্ষ।

কম ওজনের শিশু ও অপরিণত শিশুর ক্ষেত্রে

১. অপরিণত শিশু বা কম ওজনের শিশুর মায়ের বুকের দুধে প্রচুর পরিমানে প্রোটিন থাকে যা শিশুর জন্য খুবই উপকারী।
২. এধরনের শিশুর জন্মের পর যতটা সম্ভব মায়ের কাছে রাখতে হবে ও শিশুকে উষ্ণ রাখতে হবে।
৩. শিশুকে মায়ের বুক চুষতে দিতে হবে।এতে মায়ের বুকে পর্যাপ্ত পরিমান দুধ তৈরি হবে।
৪. শিশু যতক্ষণ পর্যন্ত চুষতে সক্ষম হবে না ততক্ষণ দুধ গেলে শিশুকে খাওয়াতে হবে।

মায়ের মৃত্যু, অসুস্থতা ইত্যাদি বিভিন্ন ধরণের সমস্যায় করনীয়

১. খুবই মারাত্নক ধরনের দুই একটি রোগ যেমন এইডস ছাড়া অন্যান্য যে কোন রোগে যেমন সর্দি, কাশি, জ্বর, এলার্জি, ইত্যাদি ক্ষেত্রে মা শিশুকে বুকের দুধ দিতে পারবেন।

২. মাসটাইটিস হয়ে থাকলে ঠান্ডা পানির সেক দিতে হবে ও চিকিৎসকের পরামর্শ অনুয়ায়ী এন্টিবায়োটিক শুরু করতে হবে।নরমাল স্যালাইন বা পানি দিয়ে বার বার ধুয়ে দিতে হবে।এঅবস্থায় ও মা শিশুকে বুকের দুধ খাওয়াতে পারবে তবে ওপেন আলসার/বুকের উপরিভাগে ঘা থাকলে বুকের দুধ খাওয়ানো বন্ধ রাখতে হবে।

৩. তবে মাকে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।

৪. মা মারা গিয়ে থাকলে দাদি, নানী, খালা ফুফু বা অন্য কোন মহিলা রাজি থাকলে তাদের মাধ্যমে শিশুকে বুকের দুধ খাওয়াতে হবে।

৫. শিশুকে বুকের দুধ দেয়ার মত কাউকে পাওয়া না গেলে সেক্ষেত্রে বিকল্প দুধ খাওয়ানো যেতে পারে।

৬. অনেক মা মনে করে থাকেন তার শিশু ঠিক পরিমানে দুধ পাচ্ছে না বা শিশু পেট ভরে খাচ্ছে না এসব ক্ষেত্রে মা কে বোঝাতে হবে শিশুর পেট/পাকস্থলি খুব ছোট ও সে তার প্রয়োজন অনুসারে খেয়ে থাকে।

৭. অনেক সময় বিভিন্ন কারণে মায়ের বুকে দুধ কমে যায় এক্ষেত্রে মা শিশুকে বুকের দুধ দেয়া বন্ধ করবেন না।শিশু বুকের দুধ টানতে থাকলে ধীরে ধীরে বুকের দুধের পরিমান বাড়বে।এরপরও কোন সমস্যা দেখা দিলে মা নিকটস্থ স্বাস্থ্যকর্মীর সঙ্গে দেখা করবেন ,তবে কোন অবস্থাতেই বোতলের দুধ দেয়া ঠিক হবে না।

সফলভাবে মায়ের দুধ খাওয়ানোর নিয়ম

- মাকে সামনে না ঝুঁকে বা পেছনে হেলান না দিয়ে আরাম করে সোজা হয়ে বসতে হবে। শুয়ে খাওয়াতে চাইলে কাত হয়ে শিশুকে নিজের দিকে ঘুরিয়ে নিতে হবে।
- কোলের উপর বালিশ দিয়ে নিতে পারেন।
- এবার শিশুকে যথাসম্ভব মায়ের দিকে সম্পূর্ণ ঘুরিয়ে ধরুন যেন তার বুক ও পেট মায়ের বুক ও পেটের সাথে লেগে থাকে।
- স্তনের বোঁটা শিশুর উপরের ঠোঁটে কয়েকবার স্পর্শ করান যাতে শিশু বড় করে হা করে। এরপর শিশুকে স্তনের দিকে টেনে নিন, এতে শিশুর মুখের ভিতর স্তনের বোঁটাসহ বোঁটার পেছনের কালো অংশটুকু ঢুকে যাবে।
- প্রতিবার খাওয়ানোর সময় শিশুকে একটি স্তন থেকে সম্পূর্ণ দুধ খেতে দিন। এর পর ক্ষুধা থাকলে অন্য স্তন থেকে খাওয়ান। শিশু একটি স্তন খাওয়ার সময় নিজে থেকে সরে না আসা পর্যন্ত তাকে সরিয়ে নেবেন না।

মায়ের বসে ও শুয়ে দুধ খাওয়ানো ছবি

মায়ের দুধ খাওয়ানোর সঠিক নিয়ম

শিশু বড় করে হা করেছে (সঠিক)

শিশুর শরীর পুরোপুরি মায়ের দিকে ফেরানো আছে (সঠিক)

শিশুর বুক ও পেট মায়ের বুক ও পেটে লেগে আছে (সঠিক)

শিশু আলো অংশ সহ মুখে নিয়েছে (সঠিক)

রাত্রে শিশুকে বেশী বেশী মায়ের দুধ খাওয়াতে হবে

মাকে বাড়তি খাবার খাওয়ার কথা বলতে হবে এবং শিশুকে মায়ের দুধ খাওয়ানোর সময় মাকে বাড়তি ৫০০ ক্যালরী বেশী খেতে হবে। এই বাড়তি ৫০০ ক্যালরী গ্রহনের জন্য মাকে বুঝিয়ে বলতে হবে।এক্ষেত্রে মা পুষ্টিকর খিচুরি গ্রহন করতে পারেন।

পুষ্টিকর খিচুড়ি

উপকরন	**পরিমান**
১. চাল	২ মুঠ
২. ডাল	১ মুঠ
৩. ডিম	১টি
৪. সবজী	১ মুঠ
৫. তেল	৫ চা চামচ

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ৩
পরিপূরক খাবার

পরিপূরক খাবার

শিশুর স্বাভাবিক বৃদ্ধি ও বিকাশের জন্য ছয় মাস পূর্ণ হওয়ার পর থেকে মায়ের দুধের পাশাপাশি শিশুকে পরিবারের যে খাবার দেয়া হয় তাকেই পরিপূরক বা বাড়তি খাবার বলে।
পরিপূরক বা বাড়তি খাবার খাওয়ানোর মাধ্যমে শিশুকে পরিবারের প্রাপ্তবয়স্কদের খাবারে ধীরে ধীরে অভ্যস্ত করানো হয়।

পরিপূরক খাবার কেন দিতে হবে

শিশুর জন্মের প্রথম বছরে অতি দ্রুত বৃদ্ধি ঘটে। ছয় মাস পূর্ণ হলে শুধুমাত্র মায়ের দুধে শিশুর চাহিদা মিটে না। কাজেই শিশুর স্বাভাবিক বৃদ্ধি ও পুষ্টি অবস্থা ঠিক রাখার জন্য অবশ্যই মায়ের দুধের পাশাপাশি তাকে বাড়তি খাবার দিতে হবে।

শিশুর পরিপূরক খাবারের ধরণঃ

- শিশুর পরিপূরক খাবার সুষম হতে হবে।যে খাবারে শর্করা, স্নেহ বা তেল, আমিষ, ভিটামিন, খনিজ লবণ ও পানি এই ছয় ধরণের পুষ্টি উপাদান থাকে তাকেই সুষম খাবার বলে।
- শিশুর পরিপূরক খাবার তৈরী করার সময় মনে রাখতে হবে যেন প্রত্যেকটি পুষ্টি উপাদান শিশুর বয়স অনুযায়ী তার খাবারে প্রয়োজনীয় পরিমানে থাকে। চাল, ডাল, ডিম, তেল, সব্জি ও পানি ইত্যাদি মিশিয়ে রান্না করা খিচুড়িও একটি সুষম ও সুস্বাদু পরিপূরক খাবার।
- শিশুর পরিপূরক খাবার নরম এবং উচ্চ শক্তি সম্পন্ন অর্থাৎ অল্প খাবারে অধিক শক্তি যোগায় এমন খাবার হবে।
- খাবার হবে বিশুদ্ধ ও টাটকা। মৌসুমি শাকসব্জি ও ফলমূল থাকতে হবে।
- ৮মাস বয়স থেকে শিশু হাতে ধরে খেতে পারে এমন সব খাবার দেয়া যেতে পারে যেমনঃবিস্কুট,পিঠা,ফল ইত্যাদি।
- ১ বছর বয়স থেকে শিশুকে পরিবারের সব খাবার দেয়া যায়।
- শিশুকে ভিটামিন ‘এ’ এবং আয়রন সমৃদ্ধ ফল ও সব্জি প্রতিদিন খাওয়ানো প্রয়োজন।

পরিপূরক খাবারের সাথে দুই বছর বয়স পর্যন্ত শিশুকে মায়ের দুধ খাওয়াতে হবে

- ১২ মাস বয়স পর্যন্ত দিনে রাতে কমপক্ষে ৮ বার।
- ১-২ বছর বয়সে দিনে রাতে কমপক্ষে ৫-৬ বার।
- ১-২ বছর বয়সেও মায়ের দুধ শিশুর যথেষ্ট পরিমাণে শক্তি, আমিষ ও ভিটামিনের চাহিদা পূরণ করে। যদি কোন মা এ সময় শিশুকে বুকের দুধ বন্ধ করে দেন অথবা শিশুর চাহিদামত না দিয়ে নামে মাত্র বুকের দুধ খাওয়ান তাহলে শিশুর অপুষ্টি হতে পারে।

পরিপূরক খাবার দেয়ার সময় যে সকল বিষয় বিশেষভাবে খেয়াল রাখা প্রয়োজন

- ১২ মাস বয়স পর্যন্ত আগে মায়ের দুধ এবং পরে ঘাটতিটুকু পূরণের জন্য শিশুকে পরিপূরক খাবার দিতে হবে।
- শিশুকে সব সময় ঘরে তৈরি তাজা খাবার খাওয়াতে হবে। পুরনো, বাসি খাবার শিশুকে কখনও খাওয়ানো উচিত নয়।

পরিপূরক খাবারের বয়স অনুযায়ী পরিমান :

- শিশুর সঠিক বৃদ্ধি ও বিকাশের জন্য ৬ মাস বয়স থেকে বাড়তি খাবার অবশ্যই দিতে হবে
- ৬ থেকে ৮ মাস বয়সে বুকের দুধের পাশাপাশি শিশুকে আধা বাটি নরম খাবার দিনে অন্তত ২ বার দিতে হবে
- এই খাবারে অন্তত একটি ডিম বা যেকোন মাছ অথবা মাংস বা ডাল বিশেষ করে মুরগীর কলিজা থাকতে হবে।
- ৯ থেকে ২১ মাস বয়স পর্যন্ত শিশুকে আধা বাটি দিনে তিন বার দিতে হবে এছাড়া এর সাথে পুষ্টিকর snacks/না ২ থেকে ১ বার দিতে হবে
- ১ বছর থেকে ২বছর পর্যন্ত ১ বাটি (২৫০ মি.লিটার) দিনে ৩ বার ও ১/২ বার পুষ্টিকর snacks দিতে হবে
- শিশু ৪/৫ ঘন্টার বেশি ঘুমালে তাকে ঘুম থেকে উঠিয়ে খাওয়াতে হবে।তবে খুব ছোট শিশুর জন্য এটি করা উচিত হবে না।

শিশুকে পরিপূরক খাবার খাওয়ানোর উপায় বা নিয়মঃ

- খাবার দেয়ার আগে খেয়াল করতে হবে খাবারটির তাপমাত্রা যেন শিশুর খাওয়ার উপযোগী হয়।
- খাবার যেন অতিরিক্ত ঝাল ,লবণযুক্ত অথবা একেবারে স্বাদহীন না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে
- শিশুর খাবারের বাটি, চামচ ইত্যাদি ভালভাবে ফুটানো পানি দিয়ে ধুয়ে নিরাপদ করে নিতে হবে
- শিশুকে খাওয়ানোর পূর্বে মা ভাল করে সাবান বা ছাই দিয়ে হাত ধুয়ে নিবে ,হাত ধোয়ার জন্য নিরাপদ পানি (ফুটানো বা টিউবওয়েলের পানি) ব্যবহার করতে হবে
- শিশুর খাবার ঢেকে রাখতে হবে।পচা বা বাসি খাবার খাওয়ানো যাবে না
- শিশু খাবারে হাত দেওয়ার সম্ভাবনা থাকলে বা খাবার ধরে খেলে খাওয়ার আগে ও পরে শিশুর হাত ভালভাবে ধুয়ে দিতে হবে।
- পরিপূরক খাবার হিসেবে ঘরে তৈরী পুষ্টিকর খাবার শিশুকে খাওয়ান।বাইরের কেনা খাবারে বিভিন্ন ক্ষতিকর উপাদান থাকে যা শিশুর শরীরের জন্য খুবই ক্ষতিকর।

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ৪
খাদ্যের বৈচিত্র্য

খাদ্যের বৈচিত্র্য

বাড়ির আশেপাশে খোলা জায়গায় বিভিন্ন ধরণের শাকসবজি ও ফলমূলের গাছ লাগান।

- মাংস ও ডিমের জন্য বাড়িতে হাঁস-মুরগী পালন করা যেতে পারে এবং সব ডিম বিক্রি না করে দিয়ে কিছু সংখ্যক পরিবারের সদস্যদের জন্য বিশেষ করে গর্ভবতী বা দুগ্ধদানকারী মা, শিশুর জন্য রাখতে হবে ও খাওয়াতে হবে।
- দুধ বা দুধ জাতীয় খাবারের জন্য ছাগল পালন করা যেতে পারে।

- শিশুর খাদ্য বিভিন্ন ধরণের শস্য(চাল, গম, ভুট্টা, তিল, তিসি ইত্যাদি), মূল ও কন্দ (আলু, মিষ্টি আলু, গাজর, মূলা, শালগম, বীট, কচু ইত্যাদি) সমন্বয়ে হতে হবে। এলাকায় যেসব খাবার সহজলভ্য তা থেকে শিশুকে খেতে দিতে হবে।
- শিশুর পরিপূরক খাবার হিসেবে পুষ্টিকর খিচুড়ী দেয়া যাবে।২ মুঠ চাল, ১ মুঠ ডাল, ১টি ডিম,মাছ/মাংস, ১ মুঠ সব্জি, ৫ চা চামচ তেল দিয়ে পুষ্টিকর খিচুড়ী রান্না করে শিশুকে খাওয়াতে হবে।এই খিচুড়ী সারাদিনে একবারে বা বারেবারে খাওয়ানো যেতে পারে।
- এছাড়া মুরগীর কলিজা, গরু বা খাসির কলিজা, মগজ, মাছের তেল ইত্যাদিতে প্রচুর পরিমানে পুষ্টি উপাদান থাকে। যা শিশুদের জন্য উপকারী।

- বাড়ন্ত শিশুদের ছাতু খেতে দেওয়া যেতে পারে ,এক্ষেত্রে ছাতুর সঙ্গে ১ চা চামচ তেল, চিনি বা গুড়, দুধ যোগ করে এর পুষ্টিমান আরও বাড়িয়ে নিতে হবে।এছাড়া দুধের সঙ্গে সাবুদানা, সুজি ,চাল দিয়ে রান্না করেও খাওয়ানো যেতে পারে।

- ভিটামিন 'এ' সম্বৃদ্ধ ফল ও শাকসব্জি শিশুদেরকে খেতে দিতে হবে। গাঢ় রঙ্গিন শাকসব্জি ও ফলমূলে প্রচুর পরিমানে ভিটামিন 'এ' থাকে। এসব খাবারে অন্যান্য ভিটামিনও প্রয়োজনীয় পরিমানে থাকে। শিশুদের 'রাতকানা' রোগ প্রতিরোধে ভিটামিন 'এ' প্রধান ভূমিকা পালন করে।

- ভিটামিন 'এ' সম্বৃদ্ধ ফলমূল ও শাকসব্জি হল-
  পাকা আম, কাঁঠাল, পাকা পেঁপে, কলা, গাজর, বীট, বিভিন্ন ধরণের সবুজ ও রঙ্গিন শাক ও সবজি ইত্যাদি

- শিশুদেরকে মৌসুমি তাজা ফল খেতে দিতে হবে।যেসব শিশুকে পরিপূরক খাবার দেওয়া শুরু করা হয়েছে তাদেরকে পাকা ফল চিপে বা পিষে রস করে খাওয়াতে হবে।কোন অবস্থাতেই বাজারের কেনা জুস খাওয়ানো যাবে না।

- বাজারের কেনা জুস, লিচি, জেলি, চকলেট, চিপস, চানাচুর, ইত্যাদিতে বিভিন্ন রাসায়নিক উপাদান থাকে যা শিশুর শরীরের জন্য মারাত্নক ক্ষতিকর ।তাই ঘরে তৈরি খাবার শিশুকে খেতে দিন।

- শিশুকে পরিপূরক খাবারের পাশাপাশি হালকা নাস্তা হিসাবে মুড়ি, চিড়া, খৈ, মোয়া, বিভিন্ন পিঠা, সুজি, হালুয়া,ঘরে তৈরী আলুর চিপস, সাগু,বাদাম ইত্যাদি খাওয়ান।

- বিদেশি ফল যেমন- আপেল, আঙ্গুর, নাসপাতি ইত্যাদিও চেয়ে দেশি মৌসুমি তাজা ফলের পুষ্টিমান অনেক বেশি ।দেশি ফল দামেও সস্তা ও সহজলভ্য ।শিশুকে দেশি ফল মূলে অভ্যস্থ করুন

প্রশিক্ষণার্থীদের একটি ছক তৈরী করতে বলুন ।এলাকায় পাওয়া যায়,সহজলভ্য ও সস্তা খাবারের/খাদ্যসামগ্রীর নাম বলতে বলুন ।নামগুলো থেকে প্রয়োজনীয় খাদ্য নিয়ে নির্ণয় করে দিন। ছক পূরণ করতে বলুন।

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ৫
শিশুর সাধারণ রোগ ও তার প্রতিকার

ডায়রিয়া

২৪ ঘন্টার ভিতর তিন বার বা তার অধিক পাতলা পায়খানা হলে তাকে ডায়রিয়া বলে। পাতলা পায়খানা যদি অস্বাভাবিক পরিমানে একবারও হয় তাকেও ডায়রিয়া বলে। ডায়রিয়া হলে পায়খানা সাথে শরীর থেকে প্রচুর পরিমানে পানি বেরিয়ে যায়।

ডায়রিয়ায় পানি স্বল্পতার শ্রেণী বিভাগঃ

চরম পানি স্বল্পতা

নিম্নোক্ত যে কোন দু'টি চিহ্ন যদি থাকে

- নেতিয়ে পড়ছে বা অজ্ঞান
- চোখ বসে গেছে
- পান করতে পারে না বা কম পান করে
- পেটের চামড়া টেনে ধরে ছেড়ে দিলে খুব ধীরে ধীরে স্বাভাবিক অবস্থায় ফিরে যায় (দুই সেকেন্ড এর বেশী)

কিছু পানি স্বল্পতা

নিম্নোক্ত যে কোন দু'টি চিহ্ন যদি থাকে

- অস্থির, খিটখিটে
- চোখ বসে গেছে
- আগ্রহের সাথে পান করে, তৃষ্ণার্ত
- পেটের চামড়া টেনে ধরে ছেড়ে দিলে ধীরে ধীরে স্বাভাবিক অবস্থায় ফিরে যায়।

পানি স্বল্পতা নাই

- কিছু অথবা চরম পানি স্বল্পতার কোন চিহ্ন নাই

শিশুর ডায়রিয়া প্রতিরোধ করার উপায় :

- ছয় মাস বয়স পর্যন্ত শিশুকে কেবলমাত্র মায়ের দুধ খাওয়ানো
- ছয় মাস বয়স পূর্ণ হবার পর শিশুকে মায়ের দুধের পাশাপাশি বাড়তি খাবার দেওয়া
- নিরাপদ পানি ব্যবহার করা
- স্যানিটারি পায়খানা ব্যবহার করা
- খাবার খাওয়ানোর আগে এবং মলত্যাগ করার পরে সাবান অথবা ছাই দিয়ে হাত ধোয়া
- শিশুর মলত্যাগের সাথে সাথে স্যানিটারি পায়খানায় ফেলে দেয়া

- সময় মতো শিশুকে হামের টিকা দেওয়া
- খাবার সব সময় ঢেকে রাখা এবং বাসি খাবার না খাওয়ানো।

ডায়রিয়া সম্পর্কিত মূলবার্তা

১. ডায়রিয়া হলে শিশুর শরীর থেকে প্রয়োজনীয় পানি ও লবণ বেরিয়ে যায়। পরিণতিতে শিশু মারা যেতে পারে। ডায়রিয়া আক্রান্ত শিশুকে তাই বারে বারে বেশি বেশি খাবার স্যালাইন ও তরল খাদ্য খাওয়াতে হবে।
২. ডায়রিয়া হলে শিশুর স্বাভাবিক খাবার চালিয়ে যেতে হবে।
৩. যে শিশু মায়ের দুধ খায়, ডায়রিয়া হলে তাকে মায়ের দুধ আরও ঘন ঘন খাওয়াতে হবে।
৪. শরীরের ঘাটতি পূরণের জন্য ডায়রিয়া সেরে যাবার পর শিশুকে ২ সপ্তাহ পর্যন্ত প্রতিদিন অতিরিক্ত ১ বার খাবার দিতে হবে।
৫. ডায়রিয়া আক্রান্ত শিশুর অবস্থা যদি খারাপের দিকে যায় কিংবা ৩ দিনের মধ্যে অবস্থার উন্নতি না ঘটে তবে ডাক্তার বা প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর সাহায্য নিতে হবে অথবা স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে হবে।
৬. ডায়রিয়া হলে ডাক্তারের পরামর্শ না নিয়ে শিশুকে কোনো ওষুধ দেয়া যাবে না।

- **বাড়িতে ডায়রিয়ার ব্যবস্থাপনা**
- বাড়িতে ডায়রিয়ার ব্যবস্থাপনার জন্য মা-কে নীচের ৩টি নিয়ম বুঝিয়ে দিন

১। বারবার তরল খাবার দিন (শিশু যে পরিমাণ খেতে পারে)

- ঘন ঘন মায়ের দুধ দিন এবং প্রতিবারে বেশি সময় ধরে দিন।
- যদি শিশু শুধুমাত্র মায়ের দুধ খায়, তাহলে সেই সাথে ওআরএস/খাবার স্যালাইন ও নিরাপদ পানি দিন
- যদি শিশু শুধুমাত্র মায়ের দুধ না খায়, তাহলে তাকে তরল খাবার খেতে দিন যেমন: ওআরএস/খাবার স্যালাইন, সুপারিশকৃত তরল খাবার (যেমন: ভাতের মাড়, চিড়ার পানি), নিরাপদ পানি ইত্যাদি।
- ওআরএস তৈরি এবং কিভাবে খাওয়াতে হয় তা মা-কে বুঝিয়ে দিন। বাড়িতে খাওয়ানোর জন্য মা-কে দুই প্যাকেট ওআরএস দিন।
- স্বাভাবিক তরল খাবারের সাথে কি পরিমাণ অতিরিক্ত তরল খাবার দিতে হবে তা মা-কে দেখিয়ে দিন:
- দুই বছর পর্যন্ত ৫০ থেকে ১০০ মিলি প্রতিবার পাতলা পায়খানার পওে দুই বছর বা বেশি বয়সের ১০০ থেকে ২০০ মিলি প্রতিবার পাতলা পায়খানার পরে বারবার অল্প পরিমাণ খেতে দিন
- শিশু বমি করলে ১০ মিনিট অপেক্ষা করুন। তারপর আবার খাওয়ান, তবে ধীরে ধীরে ডায়রিয়া বন্ধ না হওয়া পর্যন্ত অতিরিক্ত তরল খাবার চালু রাখুন

২। স্বাভাবিক খাবার চালু রাখুন
৩। স্যালাইনের পাশাপাশি শিশুকে জিংক খাওয়ান, পাতলা পায়খানা শেষ হয়ে গেলেও
৪। কখন ডাক্তারের কাছে নিতে হবে তা মাকে বুঝিয়ে দিন

- শিশুর অবস্থা যদি আরো খারাপের দিকে যায়
- পায়খানার সাথে যদি রক্ত যায়
- শিশু যদি কম তরল খাবার পান করে

লক্ষ্যণীয় বিষয় :

শিশুর পরিপূরক খাবার শুরু করার সময় অনেকসময় বিভিন্ন কারণে শিশুর পাতলা পায়খানা/ ডায়রিয়া হতে দেখা যায় ।এক্ষেত্রে যা করণীয়-

১.যে খাবারে শিশুর সমস্যা হচ্ছে তা কিছুদিনের জন্য বন্ধ রেখে পরবর্তিতে আবার অল্প অল্প দিয়ে শিশুকে অভ্যস্থ করা

২.পরিস্কার পরিচ্ছন্নতা অবলম্বন করা

৩.নতুন খাবার অল্প অল্প দিয়ে শিশুকে অভ্যস্থ করা

শিশুর শ্বাসতন্ত্রের সংক্রমণ/ এআরআই / নিউমোনিয়া

- শিশুর শ্বাসতন্ত্রের যে কোনো অংশে হঠাৎ সংক্রমণকে এআরআই বা শ্বাসতন্ত্রের সংক্রমণ বলে।
- কাশি বা শ্বাস কষ্ট এআরআই-এর প্রধান লক্ষণ।
- এআরআই-এ আক্রান্ত শিশুর সঠিক যত্ন নেয়া না হলে, শিশুর ফুসফুসে সংক্রমণ হতে পারে, এ অবস্থাকে নিউমোনিয়া বলে।

নিউমোনিয়ার লক্ষণ :

১. কাশি অথবা শ্বাসকষ্টের সাথে শান্ত অবস্থায় বয়স অনুযায়ী দ্রুত শ্বাস

২. বয়স ভিত্তিক শান্ত অবস্থায় দ্রুত শ্বাসের হার নিম্নরূপঃ

বয়স	স্বাভাবিকের চেয়ে শ্বাস দ্রুত বলে ধরতে হবে (শান্ত অবস্থায়)
২ মাসের কম	প্রতি মিনিটে ৬০ বার বা তার বেশি
২ মাস থেকে ১২ মাস পর্যন্ত	প্রতি মিনিটে ৫০ বার বা তার বেশি
১২ মাস থেকে ৫ বছর পর্যন্ত	প্রতি মিনিটে ৪০ বার বা তার বেশি

৩. শান্ত অবস্থায় শ্বাস নেয়ার সময় বুকের নিচের অংশ ভিতর দিকে ডেবে বা চেপে যাওয়া মারাত্মক নিউমোনিয়ার লক্ষণ। এ অবস্থায় শিশুকে জরুরী ভিত্তিতে হাসপাতালে পাঠাতে হবে।

নিউমোনিয়ার প্রতিরোধ ও প্রতিকারের উপায়

১. শিশুকে ঠান্ডা লাগতে না দেয়া

২. পরিবেশ পরিষ্কার ও শুকনা রাখা এবং ধোয়া ও ধুলামুক্ত নির্মল পরিবেশে রাখা

৩. সময়মত শিশুকে সবগুলো টিকা দেয়া

৪. রোগ নির্ণয়ের সাথে সাথে যত তাড়াতাড়ি সম্ভব চিকিৎসার জন্য স্বাস্থ্য কেন্দ্র/ হাসপাতালে রেফার করা

৫.পুষ্টিহীনতা প্রতিরোধে শিশুকে বয়স অনুযায়ী বুকের দুধ খাওয়ানো ও অন্যান্য সম্পূরক খাদ্য খাওয়ানো

নিউমোনিয়া নয় (কাশি অথবা সর্দি) আক্রান্ত শিশুর বাড়ীতে ব্যবস্থাপনা

১. অসুস্থ শিশুকে বার বার মায়ের দুধ বা তরল খাবার দিন

২. নাকবন্ধ থাকলে নাক পরিষ্কার করুন

৩. কাশি থাকলে গরমপানি/লেবুর রস ইত্যাদি খাওয়ান

৪. কাশি ৩০ দিনের বেশি থাকলে, রোগ নিরূপনের জন্য হাসপাতালে প্রেরণ করুন।

জটিলতা

যথা সময়ে চিকিৎসা না করালে অধিকাংশ ক্ষেত্রেই শিশুর মারা যাওয়ার সম্ভাবনা বেশী থাকে ।

জ্বর :

নবজাতক ও বাড়ন্ত শিশুদের ক্ষেত্রে জ্বর একটি সাধারন রোগ। বিভিন্ন কারণে শিশুদের জ্বর হয়ে থাকে।তবে অল্প সময়ের ব্যবধানে দীর্ঘমেয়াদি,উচ্চতাপমাত্রার জ্বর শিশুর জন্য মারাত্নক হতে পারে।এক্ষেত্রে চিকিৎসক বা নিকটস্থ স্বাস্থ্যকর্মীর সাহায্য নিন।

শিশুর জ্বর হলে খাদ্য ব্যবস্থাপনা:

- শিশুকে বুকের দুধ খাওয়ানো চালিয়ে যেতে হবে।
- এসময় শিশুর বৃদ্ধি যেন ব্যহত না হয় সেজন্য প্রোটিন/আমিষ জাতীয় খাবার বেশী পরিমানে দিতে হবে।
- জ্বর থেকে যেন তাড়াতাড়ি সুস্থ হয়ে ওঠে সেজন্য ভিটামিন যুক্ত খাদ্য দিতে হবে
- ডিহাইড্রেশন/পানিস্বল্পতা যেন না হয় সেজন্য পানি বা তরল জাতীয় খাবার বেশি পরিমানে খাওয়াতে হবে

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ৬
মারাত্মক অপুষ্টি চিহ্নিতকরণ ও
মারাত্মক অপুষ্টিজনিত রোগসমূহ

সঠিক ও সুষম খাদ্যের অভাব ,বিভিন্ন রোগের প্রকোপ, খাদ্য সম্পর্কিত জ্ঞানের অভাব ইত্যাদি কারণে আমরা সহজেই অপুষ্টিতে আক্রান্ত হতে পারি।এক্ষেত্রে মা ও শিশুরা সবচেয়ে বেশী ও সহজে আক্রান্ত হয়।

অপুষ্টির কারণসমূহ

অপুষ্টি হচ্ছে প্রয়োজনীয় পুষ্টি উপাদানের অভাব। সাধারণতঃ নিম্নলিখিত কারণগুলো বেশি দিন চলতে থাকলে অপুষ্টিজনিত অবস্থার সৃষ্টি হয়:

- খাদ্য সুষম না হলে
- পরিপাক ও পরিশোষনে ব্যাঘাত ঘটলে
- এক বা একাধিক পুষ্টি উপাদানের ঘাটতি হলে
- পরিবারে খাদ্যের অভাব হলে, পরিবারে অপর্যাপ্ত খাবার থাকলে, পরিবার খাদ্যের সুষম বন্টন না হলে
- অপর্যাপ্ত স্বাস্থ্যসেবা ও পরিচ্ছন্ন পরিবেশের অভাব হলে
- মা ও শিশুর যত্নের অভাব হলে।
- খাদ্য সম্পর্কিত জ্ঞানের অভাব ও বিভিন্ন ভ্রান্ত ধারনা
- বিভিন্ন রোগের প্রকোপ

অপুষ্টি জনিত রোগসমূহঃ

দেহে পুষ্টির অভাব হলে বিভিন্ন ধরনের রোগ দেখা দেয় ।এঅবস্থা বেশী দিন চলতে থাকলে যেসব রোগ দেখা দেয়-

- আমিষ ও শক্তির ঘাটতি জনিত কোয়াশিয়রকর ও ম্যারাসমাস
- ভিটামিন-এ ঘাটতি জনিত রাতকানা
- ভিটামিন-বি কমপ্লেক্স ঘাটতি জনিত রোগ
- ভিটামিন সি এর স্বল্পতাজনিত স্কার্ভিরোগ
- ভিটামিন ডি ঘাটতি জনিত রিকেটস্
- আয়রন ঘাটতি জনিত রক্তস্বল্পতা
- আয়োডিনের অভাবে শিশুর মেধার বিকাশ ব্যাহত হওয়াসহ বিভিন্ন সমস্যা।

বাংলাদেশে আমিষ ও শক্তির ঘাটতি জনিত পুষ্টিহীনতার ব্যাপকতাই সবচেয়ে বেশী, যাকে প্রোটিন এনার্জি ম্যালনিউট্রিশন (PEM) বলা হয়ে থাকে। মূলতঃ শিশুরাই এতে আক্রান্ত হয়। ফলে মারাত্নক অবস্থায় শিশু ম্যারাসমাস ও কোয়াশিয়রকর রোগে ভোগে। এদেশের শতকরা ৯৩ ভাগ শিশুই যে কোন মানের পুষ্টিহীনতায় ভোগে, যাদের অধিকাংশই স্বল্প ওজনের শিকার। তাছাড়া অনুপুষ্টি ঘাটতিজনিত পুষ্টিহীনতার ব্যাপকতাও আছে।

গা-ফোলা (কোয়াশিয়রকর)

- এটি আমিষ শক্তি ঘাটতি জনিত রোগের একটি লক্ষণ হিসেবে বিবেচিত হয়। সাধারণত: ১ থেকে ৫ বৎসর বয়সের শিশুরা বেশী আক্রান্ত হয়।



Fig. 30. A child with kwashiorkor

এ রোগের নিচের লক্ষণগুলো দেখা যায়ঃ

- এতে শিশুর ওজন কমে যায় ও বৃদ্ধি ব্যাহত হয়। পায়ে পানি থাকে (শোথ বা ইডিমা)।
- চুলের রং বিবর্ণ হয়, দাঁত পড়ে যায়,চামড়া বিবর্ণ হয়ে যায়, চর্মরোগ দেখা দেয়।
- মুখ ফুলে যায় (Moon Face), চোখের নিচে ও চিবুকে পানি জমে
- মারাত্মক ক্ষেত্রে শরীরের অন্যান্য অংশেও বিশেষ করে চিবুকে, চোখের পাতায় ও পেটে ,লিভারে পানি জমে।
- অনেক ক্ষেত্রে পেট ভর্তি কৃমি থাকে।
- খাবারে রুচি থাকে না ,ঘন ঘন ডায়ারিয়া আক্রান্ত হয়

কারণসমূহঃ

- এক বা একাধিক পুষ্টির অভাব দিনের পর দিন চলতে থাকলে।বিশেষ করে প্রোটিন জাতীয় খাদ্যের অভাব।
- বিভিন্ন ধরনের ভিটামিন ও খনিজ লবনের অভাব হলে।
- সুষম ও প্রযোজনীয় পরিমান সঠিক খাদ্যের অভাব।
- অন্ত্রের প্রদাহ, হাম, প্রভৃতি রোগের কারণে কোয়াশিয়রকর-এ শিশুরা বেশী আক্রান্ত হয়।

রোগ চিহ্নিত করার উপায়সমূহ

- শিশুকে উদাসীন ও দূর্দশাগ্রস্ত দেখায় এবং কোন ব্যাপারেই সে উৎসাহ বোধ করে না
- ক্ষুধামন্দা
- মাংসপেশী শীর্ণ হয়ে যায়। কিন্তু শোথ বা পানিতে ফুলে যাওয়ার কারণে শীর্ণকায় অবস্থাটি অনেক ক্ষেত্রে ধরা যায় না। শুধু বুক ও বাহু দেখে হাড্ডিসার বুঝা যায়
- ত্বকের বহিরাবরণ পাতলা দেখায়। ত্বক ফেটে যেতে পারে এবং ক্ষতের সৃষ্টি হয়, বিশেষ করে যে সব জায়গায় অহরহ ঘষা লাগে সেখানে ক্ষতের সৃষ্টি হয়। যেমন- নিতম্ব, হাতের কনুই
- চুল পাতলা ও খসখসে হয় এবং চুল কমে যায়। চুলের রং পরিবর্তন হয়ে বাদামী বা ধূসর হয়ে যায়
- অনেক ক্ষেত্রেই যকৃতের আকার বৃদ্ধি পায়
- এ রোগের শিশুদের অন্যান্য অপুষ্টির সমস্যাও থাকে। যেমন রক্তস্বল্পতা, জিহ্বা এবং ঠোঁটের কোনায় ঘা ইত্যাদি
- বয়স অনুযায়ী শিশুর ওজন কমে যায় ও বৃদ্ধি ব্যাহত হয়।

প্রতিকারঃ

শিশু হজম করতে পারে এমন ধরনের প্রোটিন জাতীয় খাবার দিতে হবে। এক্ষেত্রে শিশুকে ফর্মূলা খাবার দিতে হয় ও সঠিক যত্ন নিতে হয়।এজন্য শিশুকে হাসপাতালে ভর্তি করা উচিত।

হাড্ডিসার (ম্যারাসমাস):

হাড্ডিসার বা ম্যারাসম্যাস জাতীয় অপুষ্ঠিতে আক্রান্ত শিশুরা সামগ্রীকভাবে শুকিয়ে যায় বা শীর্ণকায় হয়ে যায়। খাদ্যে সাধারণত: ক্যালরীর স্বল্পতার কারণে শিশু ম্যারাসম্যাস নামক অপুষ্ঠিতে আক্রান্ত হয়।



Fig. 29. A child with marasmus

কারণসমূহ

- প্রধানত: খাদ্য শক্তির ঘাটতি
- উপর্যুপরি শ্বাসতন্ত্র ও অন্ত্রের সংক্রমণ যেমন- এ.আর.আই, হাম, ডায়রিয়া ইত্যাদি।
- অপরিচ্ছন্ন পরিবেশে কৃত্রিমভাবে বোতলে দুধ খাওয়ানো।

রোগ চিহ্নিত করার উপায় সমূহ

- ওজন কমে যায় ও বৃদ্ধি ব্যাহত হয়
- চামড়া কুঁচকে যায়
- প্রায়ই পাতলা পায়খানা ও অন্যান্য রোগে ভোগে
- বয়সের তুলনায় শিশুর ওজন শতকরা ৬০ ভাগের কম হয়
- শরীরের ত্বকের নীচে জমা থাকা চর্বি প্রায় নিঃশেষ হয়ে যায় এবং মাংসপেশী শুকিয়ে শীর্ণ হয়ে যায়। এজন্য হাত পা সরু ও দেহ কঙ্কালসার দেখায়। চোয়ালের হাড় বেড়িয়ে আসে। মুখাবয়ব চিন্তাক্লিষ্ট বৃদ্ধের মত দেখায়
- দেহের চামড়া বিশেষ করে নিতম্ব ও উরুর চামড়া ঢিলে হয়ে যায় ও কুচকে যায়
- শিশু অস্থির থাকে
- মাথার চুল পাতলা হয়ে যায়। অনেক সময় চুল উঠে যায় পায়ে পানি (শোথ) থাকে না

ম্যারাসমিক-কোয়াশিয়রকর

অনেক সময় শিশুর হাড্ডিসার এবং গা-ফোলা উভয় জাতীয় অপুষ্টিতে আক্রান্ত হয় এবং উভয় রোগেরই কিছু কিছু কারণ, চিহ্ন বর্তমান থাকে। আমাদের দেশে কোয়াশিয়রকর শিশু কম দেখা গেলেও ম্যারাসমিক-কোয়াশিয়রকরে অনেক শিশু আক্রান্ত হয়।

গা ফোলা ও হাড্ডিসার রোগ প্রতিরোধের উপায়

১. জন্মের পর শালদুধ ও পূর্ণ ৬ মাস বয়স পর্যন্ত শিশুকে মায়ের দুধ খাওয়ানো এবং শিশুর ৭ মাস বয়স থেকে সঠিক উপায়ে পরিপূরক খাবার দেয়া।

২. সুষম খাদ্য গ্রহণ করা।

৩. মাতৃগর্ভে শিশুর অপুষ্টি প্রতিরোধে গর্ভবতী মহিলাদের বাড়তি সুষম খাবার গ্রহণ করা।

৪. শিশুর বৃদ্ধির পর্যবেক্ষণ কার্ড ব্যবহার করা।

৫. সঠিক সময়ে মাকে টিটেনাস ও শিশুকে ৭টি প্রতিষেধক টিকা দেওয়া এবং ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো।

৬. উপযুক্ত চিকিৎসার মাধ্যমে কিছু কিছু রোগ যেমন: ডায়রিয়া, শ্বাসতন্ত্রের প্রদাহ, কৃমি ইত্যাদির প্রতিরোধ করা।

৭. খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করতে বাড়ীর আঙ্গিনায় বিভিন্ন ধরণের শাক-সব্জি ও ফলমূল উৎপাদন এবং হাঁস-মুরগী পালন করা।

৮. খাদ্য ও পুষ্টি শিক্ষা কার্যক্রমের মাধ্যমে যথাযথ খাদ্যাভাস গড়ে তোলা এবং সর্বক্ষেত্রে পরিচ্ছন্নতা বজায় রাখা।

প্রতিকার

মারাত্মক অপুষ্টিতে (হাড্ডিসার, ম্যারাসমিক-কোয়াশিয়রকর এবং গা-ফোলা) আক্রান্ত শিশুকে যথাশীঘ্র সম্ভব নিকটস্থ হাসপাতালে প্রেরণ করতে হবে।

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ৭
সম্পূরক খাদ্য

আয়োডিন যুক্ত লবণ

আয়োডিন মানবদেহের জন্য একটি অতি প্রয়োজনীয় খনিজ উপাদান। দেহে আয়োডিনের অভাব হলে বিভিন্ন ধরণের সমস্যা/রোগ দেখা দেয়।যেমন-

১. শিশুর বুদ্ধি কম হওয়া
২. হাবাগোবা হওয়া
৩. শিশুর উচ্চতা কম হওয়া, বামন, বোবা, কালা, ট্যারা হওয়া
৪. গলগন্ড/ঘ্যাগ
৫. ত্বক, নখ, চুলের বিভিন্ন সমস্যা
৬. দূর্বলতা
৭. শিশু মৃত্যু

আয়োডিনের অভাবজনিত রোগসমূহ থেকে বাঁচতে প্রতিদিন প্রয়োজনীয় পরিমানে আয়োডিন গ্রহন করা উচিত।এজন্য বাজারে যেসব আয়োডিন যুক্ত লবণ পাওয়া যায় তা ব্যবহার করতে হবে।বাজারের খোলা লবণে আয়োডিন মেশানো থাকে না। তাই দামে একটু বেশী হলেও আয়োডিনযুক্ত লবণ খেতে হবে

আয়োডিনের অভাবজনিত সমস্যা প্রতিরোধঃ

- আয়োডিন ঘাটতিজনিত সমস্যা সমাধানের জন্য খাদ্যে অবশ্যই বাড়তি আয়োডিন গ্রহণ করতে হবে। এর সবচেয়ে সহজ পথ হলো আয়োডিনযুক্ত লবণ খাওয়া এবং সব সময়ই তা পরিবারের সবাই গ্রহণ করা।
- গৃহপালিত পশু-পাখিকেও আয়োডিনযুক্ত লবণ খাওয়ানো উচিত। এতে পশু-পাখির দেহ পুষ্ট হবে এবং সুস্থ বাচ্চা প্রসব করবে। এই পশু-পাখি থেকে প্রাপ্ত ডিম, দুধ, মাংস মানবদেহের আয়োডিনের ঘাটতি পূরণ হবে।

আয়োডিনযুক্ত লবণের ব্যবহার ও সংরক্ষণ

- যেভাবে আমরা সাধারণ লবণ গ্রহণ করি, ঠিক সেভাবেই আয়োডিনযুক্ত লবণ গ্রহণ করতে হবে। অর্থাৎ এই লবণ রান্নায় এবং খাবারে ব্যবহার করতে হবে।
- লবণ কেনার সময় অবশ্যই আয়োডিনযুক্ত লবণের প্রতীক চিহ্ন দেখে নিতে হবে।
- লবণে আয়োডিনযুক্তকরণের ছয় মাসের মধ্যে ঐ লবণ ব্যবহারকরা উচিত। স্বাভাবিক রান্নায় লবণের আয়োডিন হ্রাসের পরিমাণ খুবই কম।
- লবণ রোদে কিংবা স্যাঁতস্যাঁতে জায়গাতে রাখলে লবণের আয়োডিনের পরিমাণ কমে যেতে থাকে। আয়োডিনযুক্ত লবণ সূর্যরশ্মি থেকে দূরে ঢাকনাযুক্ত কাঁচের বয়াম বা প্লাস্টিকের পাত্রে সংরক্ষণ করতে হবে

লবণে আয়োডিন আছে কিনা কিভাবে পরীক্ষা করা যায়?

লবণে আয়োডিন পরীক্ষা করার জন্য আয়োডিন টেস্টিং কিট ব্যবহার করা যায়। তাছাড়া বাড়ীতে বসেও নিজে নিজেই লবণে আয়োডিনের উপস্থিতি পরীক্ষা করা যায়।

ভিটামিন এ সম্পূরণ

ভিটামিন এ এর অভাবজনিত রাতকানা সহ অন্যান্য বিভিন্ন ধরণের রোগের হাত থেকে বাঁচতে প্রসুতি মা ও শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয় । ভিটামিন এ যুক্ত খাবারের পাশাপাশি ভিটামিন এ ক্যাপসুল মায়ের অপুষ্টি ও শিশুর অন্ধত্বও শিশু মৃত্যু কমায় ।এজন্য-

- ৯ মাস পূর্ণ হয়ে ১০ মাস বয়সে পরলে হামের টিকার সঙ্গে শিশুকে ১ লক্ষ ইউনিট ভিটামিন এ ক্যাপসুল খাওয়াতে হবে।
- অন্ধত্ব ও শিশুর মৃত্যুর ঝুঁকি কমানোর জন্য ১ থেকে ৫ বছরের শিশুকে ৬ মাস অন্তর বছরে দুবার প্রতিবারে ২ লাখ ইউনিট ভিটামিন এ ক্যাপসুল খাওয়াতে হবে ।
- সন্তান প্রসবের ৬ সপ্তাহ (সম্ভব হলে শিশু জন্মের পরপরই) এর মধ্যে প্রসূতি মাকে একটি ২ লক্ষ ইউনিট ভিটামিন-এ ক্যাপসুল খাওয়াতে হবে ।

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ৮
অনুপুষ্টির অভাবজনিত রোগসমূহ

আয়রন ঘাটতিজনিত রক্ত স্বল্পতা/এনিমিয়া

আয়রন ঘাটতিজনিত রক্তস্বল্পতা

রক্তে হিমোগ্লোবিন বা লোহিত কণিকার পরিমাণ স্বাভাবিকের তুলনায় কম থাকলে রক্তস্বল্পতা বা অ্যানিমিয়া দেখা দেয়। প্রয়োজনীয় খাবার বিশেষ করে আয়রন সমৃদ্ধ খাবারের অভাবে শিশু, কিশোর-কিশোরী, গর্ভবতী ও প্রসূতি মায়েরা এই রোগে বেশি ভোগে। শিশুরা সাধারণত কৃমির কারণে রক্তস্বল্পতায় ভোগে এবং দুই বছরের নিচে শিশুদের রক্তস্বল্পতা দেখা দেয় প্রধানত অপর্যাপ্ত আয়রনসমৃদ্ধ খাবার গ্রহণের কারণে।

রক্তস্বল্পতার লক্ষণ

- ক্ষুধামন্দা হওয়া
- চামড়া ফ্যাকাশে হয়ে যাওয়া
- চোখের আবরণ (কনজাঙ্কটিভা) ফ্যাকাশে হয়ে যাওয়া
- নখের গোড়া, হাতের তালু, দাঁতের মাড়ি এবং জিহ্বা ফ্যাকাশে হয়ে যাওয়া
- রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়া
- ঠান্ডা অনুভব করা।

প্রধান ৩টি কারণে আয়রন ঘাটতিজনিত রক্তস্বল্পতা হয়

১. আয়রনের ঘাটতি

- দারিদ্র ও অনেক সময় অজ্ঞতার কারণে পর্যাপ্ত পরিমাণে আয়রন সমৃদ্ধ খাবারের অভাবে আয়রন গ্রহণের পরিমাণ কমে যায়।
- স্বাভাবিক সময়ের পূর্বে জন্মগ্রহণকারী শিশু ও কম ওজন নিয়ে জন্মগ্রহণকারী শিশুদের শরীরে আয়রন কম জমা থাকে এবং স্বল্প সময়ে ব্যয় হয়ে রক্তস্বল্পতার জন্ম দেয়।

২. খাদ্যের মাধ্যমে যে পরিমাণ আয়রন গ্রহণ করা হয়, তা যথাযথভাবে শরীরে পরিশোষিত না হওয়া

- খাদ্যের মাধ্যমে যে পরিমাণ আয়রন গ্রহণ করা হয় তা যথাযথভাবে পরিশোষিত না হলে রক্তস্বল্পতা দেখা দেয়, যেমন : শিশুদের পরিপূরক খাবার দেওয়া হয় যা প্রায়ই কম আয়রন, কম ক্যালোরি এবং কম ভিটামিন সি সমৃদ্ধ খাবার হয়ে থাকে।
- উদ্ভিজ আয়রন সমৃদ্ধ খাবারে আয়রন পরিশোষণের হার কম। তবে এই খাদ্যের সাথে আমিষ জাতীয় ও ভিটামিন সি সমৃদ্ধ খাবার খেলে আয়রন পরিশোষণের পরিমাণ বেড়ে যায়। কলিজা, মাংস, ডিম ইত্যাদি খাদ্যে যে আয়রন থাকে তা সহজেই দেহে পরিশোষিত হয়।
- প্রধান খাবারের সঙ্গে চা বা কফি খেলে আয়রন পরিশোষণ কমিয়ে দেয়।

৪. বিভিন্ন কারণে দেহে আয়রনের চাহিদা বেড়ে যাওয়া

- শিশুদের শরীরের বৃদ্ধি দ্রুত হয় সেই তুলনায় খাদ্যে আয়রন সরবরাহ কম থাকার কারণে রক্তস্বল্পতা দেখা দেয়
- সংক্রমণ যেমন : কৃমি, ম্যালেরিয়া ইত্যাদির কারণেও রক্তস্বল্পতা হতে পারে।

কোন খাদ্যে এই আয়রন পাওয়া যায়

প্রাণীজ উৎস : মাংস, মাছ, যকৃৎ (কলিজা), ডিমের কুসুম, শুটকি মাছ ইত্যাদি।
উদ্ভিজ উৎস : কচু শাক, পুঁই শাক, লাল শাক, পালং শাক, মিষ্টি কুমড়া শাক, সাজনা শাক, ধনিয়া পাতা, ফুলকপি পাতা, মটরশুটি শাক, হেলেঞ্চা শাক, ডাল, কাঁচা কলা, খেজুর, কালোজাম, তরমুজ, পাকা তেঁতুল, গুড় ইত্যাদি

শরীরে আয়রন ঘাটতিজনিত রক্তস্বল্পতার সমস্যাসমূহ
শিশু

- শিশুদের দ্রুত বৃদ্ধির জন্য আয়রন অপরিহার্য।
- আয়রন ঘাটতির কারণে শিশুর শারীরিক ও মানসিক বৃদ্ধি ব্যাহত হয়, স্বাভাবিক জ্ঞান বুদ্ধির বিকাশ কমে যায় এবং পড়ালেখার প্রতি মনোযোগ কমে যায়।
- আয়রন ঘাটতির কারণে শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় এবং সহজে যে কোনো রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেড়ে যায়।

আয়রন ঘাটতিজনিত রক্তস্বল্পতা প্রতিরোধের উপায়

১. খাদ্যাভ্যাস পরিবর্তন

- আয়রন সমৃদ্ধ খাবার পর্যাপ্ত পরিমণে নিয়মিত খাওয়া প্রয়োজন। (যেমন- মাছ, মাংস, কলিজা, কচু শাক, লাল শাক, কাঁচা কলা, খেজুর ইত্যাদি)
- পরিশোষণ হয় এমন আয়রন জাতীয় খাবারের সাথে ভিটামিন সি যুক্ত খাবার খেলে আয়রন ভালো শোষিত হয়।(যেমন-লেবু, আমলকি, ইত্যাদি)
- শিশুকে পূর্ণ ৬ মাস বয়স পর্যন্ত শুধু মায়ের দুধ খাওয়ানো এবং পূর্ণ ৬ (ছয়) মাসের পর মায়ের দুধের পাশাপাশি শিশুকে আয়রন সমৃদ্ধ পারিবারিক সুষম খাবার খাওয়ানো।
- শিশুকে চা, কফি, দুধ, কোক জাতীয় পানীয় পান না করানো।

২. সংক্রমণ প্রতিরোধ

- মল-মূত্র নির্দিষ্ট জায়গায় ফেলা এবং মলমূত্র ত্যাগের পরে দুই হাত ভালো করে সাবান/ছাই দিয়ে ধুয়ে ফেলা। খাওয়ার আগে দুই হাত ভালো করে সাবান দিয়ে ধুয়ে ফেলা এবং খালি পায়ে না হাঁটা। এমনকি শিশুর মলও নির্দিষ্ট জায়গায় ফেলা।
- ডাক্তার বা স্বাস্থ্যকর্মীর পরামর্শ নিয়ে ছয় মাস পর পর কৃমি নিরোধক ওষুধ সেবন করা। কৃমি ও ম্যালেরিয়া সংক্রমণযুক্ত এলাকায় যথাক্রমে কৃমি নিরোধক ট্যাবলেট খাওয়া ও ম্যালেরিয়ার চিকিৎসা করা।

৩. আয়রন ফলেট ট্যাবলেট সেবন

- গর্ভবতী, প্রসূতি মা, নববিবাহিতা, কিশোরী, শিশু বিশেষ করে মারাত্মক অপুষ্টিতে ভোগা শিশুকে ডাক্তার বা স্বাস্থ্যকর্মীর পরামর্শ অনুযায়ী আয়রন ফলেট ট্যাবলেট খেতে হবে।

ভিটামিন-এ এর অভাবজনিত সমস্যা - রাতকানা

রাতকানা হল এক ধরণের চোখের সমস্যা।রাতকানা হলে রাতের বেলায় বা স্বল্প আলোতে দেখতে সমস্যা হয় বা ঝাপসা দেখা যায়।শিশুর শরীরে ভিটামিন এ এর ঘাটতি জনিত কারণে এ রোগ হয়ে থাকে।মারাত্মক অবস্থায় শিশু অন্ধ হয়ে যেতে পারে।

ভিটামিন-এ এর অভাবজনিত অন্যান্য সমস্যা:

- রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়
- ত্বক (চামড়া) অমসৃন ও শুষ্ক হয়ে উঠে
- দেহের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হয়।

ভিটামিন 'এ' এর অভাবজনিত রাতকানা রোগের কারণসমূহ

- গর্ভবতী মায়ের শরীরে ভিটামিনের অভাব
- গর্ভাবসস্থায় অপর্যাপ্ত ভিটামিনযুক্ত খাদ্য গ্রহণ (অজ্ঞতা ও দরিদ্রতার কারণে)
- প্রসব পরবর্তি **ভিটামিন-এ ক্যাপসুল** না খাওয়া
- শিশুর ঘন ঘন মারাত্মক অসুস্থতা যেমন- ডায়রিয়া ,হাম
- সাধারণ অপুষ্টি,পরিপূরক খাবারে ভিটামিন এ এর অভাব
- শিশুর খাবার তেল ছাড়া রান্না করা

ভিটামিন এ এর অভাব জনিত সমস্যার প্রতিরোধ ও প্রতিকার ব্যবস্থা

ক)প্রতিরোধঃ স্বল্প মেয়াদি

- শিশু অনূর্ধ্ব ১ বছরঃ ৩৬ সপ্তাহ/৯ মাস পূর্ণ হওয়ার পর শিশুকে হামের টিকার সঙ্গে ১ লক্ষ ইউনিট (নীল রংয়ের) ভিটামিন এ ক্যাপসুল খাওয়াতে হবে।
- ১-৫ বছরঃ এই বয়সের সকল শিশুকে প্রতি ৬ মাস অন্তর ২ লক্ষ ইউনিট (লাল রংয়ের) ভিটামিন এ ক্যাপসুল খাওয়াতে হবে। জাতীয় টিকা দিবস ও ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনে ১-৫ বছর বয়সী শিশুদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ান হয়।
- প্রসূতি মাঃ সন্তান প্রসবের ৬ সপ্তাহের মধ্যে (সম্ভব হলে শিশু জন্মের পর পর) মাকে ২ লক্ষ ইউনিট (লাল রংয়ের) ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়।

দীর্ঘ মেয়াদি

- নবজাতক শিশুকে শাল দুধ খাওয়ানো সহ পূর্ণ ৬ মাস পর্যন্ত শুধুমাত্র মায়ের দুধ খাওয়াতে হবে এবং শিশুর পূর্ণ ৬(ছয়) মাস বয়স এর পর থেকে ভিটামিন এ যুক্ত পরিপূরক খাবার দিতে হবে।
- ৬ মাস অন্তর শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর পাশাপাশি তাকে নিয়মিত ভিটামিন এ সমৃদ্ধ খাবার দিতে হবে।

- বাড়ন্ত শিশুদের ভিটামিন এ যুক্ত সব্জি ও ফলমূল দিতে হবে। শাক সব্জি অবশ্যই পরিমাণমত তেল দিয়ে রান্না করতে হবে।
- চাল, ডাল, ডিম, সব্জি ও তেল দিয়ে খিচুড়ি তৈরী করতে পারেন। খিচুড়িতে যথেষ্ট পরিমাণে ভিটামিন ও আমিষ আছে। শিশুদেরকে ভিটামিনযুক্ত প্রাণীজ খাবার (কলিজা, মাংস, ডিম) পর্যাপ্ত পরিমাণে খাওয়াতে হবে।
- গর্ভাবস্থায় মায়েদের ভিটামিন এ এর চাহিদা বেড়ে যায়, অথচ উচ্চ মাত্রায় ভিটামিন এ ক্যাপসুল খাওয়ালে গর্ভস্থ শিশুর ক্ষতি হতে পারে। এজন্য ভিটামিন এ এর অভাব পূরণের জন্য গর্ভবতী মায়েদের ভিটামিন এ সমৃদ্ধ খাবার যেমন: গাঢ় সবুজ শাকসব্জি, হলুদ ফলমূল, সম্ভব হলে মাছ, ডিম, কলিজা, মাংস বার বার বেশী পরিমাণে খেতে হবে। এতে তার ভিটামিন 'এ'-এর চাহিদা মিটবে এবং গর্ভস্থ শিশুর কোন ক্ষতি হবে না।

ভিটামিন এ সমৃদ্ধ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করতে বাড়ীর আঙ্গিনায় ভিটামিন এ সমৃদ্ধ শাকসব্জি ও ফলমূলের আবাদ করতে হবে এবং পশুপালন করতে হবে।

প্রতিকার

রাতকানা, দীর্ঘমেয়াদি ডায়রিয়া, মারাত্মক অপুষ্টি ও হামে আক্রান্ত শিশুদের বয়স ও রোগ অনুযায়ী রেজিষ্টার্ড ডাক্তারের পরামর্শ অনুসারে ভিটামিন এ ক্যাপসুল দিয়ে চিকিৎসা করতে হবে।এবং ভিটামিন এ সম্বৃদ্ধ খাবার খাওয়াতে হবে।

ভিটামিন-এ সমৃদ্ধ খাবার		
(ক) প্রাণীজ উৎস	**(খ) উদ্ভিজ উৎস**	
	গাঢ় রংয়ের শাকসব্জি	গাঢ় হলুদ ফলমুল
ডিম, দুধ, মাখন, কলিজা, মাছ, মাছের তেল, মাংস ইত্যাদি	মিষ্টি কুমড়া শাক, পুঁই শাক, পালং শাক, কলমী শাক, লাল শাক, কচু শাক, পাট শাক, মূলা শাক, হেলেঞ্চা শাক, সজিনা পাতা, মিষ্টি কুমড়া, গাজর, মিষ্টি আলু, শালগম ইত্যাদি	পাকা আম, পাকা পেঁপে, পাকা কাঠাল ইত্যাদি।

ভিটামিন এ সম্পর্কে সাতটি প্রধান তথ্য

১. জন্মের পরপরই শিশুকে মায়ের বুকের প্রথম শাল দুধ খাওয়ান। কারণ শাল দুধে রয়েছে প্রচুর ভিটামিন এ।

২. গর্ভবতী ও প্রসূতি মাকে তার পুষ্টি ও শিশুর সুস্বাস্থ্যের জন্য বেশি করে ভিটামিন এ সমৃদ্ধ গাঢ় রঙের শাক-সব্জি এবং গাঢ় হলুদ ফলমুল খেতে দিন।

৩. শিশুর ৭ মাস বয়স থেকে মায়ের দুধের পাশাপাশি ভিটামিন-এ সমৃদ্ধ রঙিন শাক-সব্জি তেল দিয়ে নরম করে রান্না করে খাওয়ান ও গাঢ় হলুদ ফলমুল নিয়মিত খেতে দিন।

৪. বাড়ির আঙিনায় বেশি করে রঙিন শাক-সব্জি ও গাঢ় হলুদ ফলমুল আবাদ করুন এবং হাঁস, মুরগী, ছাগল পালন করুন। নিজের বাড়ির আঙিনার তৈরি শাক-সব্জি, গাঢ় হলুদ ফলমুল এবং প্রাণীজ খাবার খাওয়ার অভ্যাস করুন।

৫. ৯ মাস পূর্ণ হয়ে ১০ মাস বয়সে পরলে হামের টিকার সঙ্গে শিশুকে ১ লক্ষ ইউনিট ভিটামিন এ ক্যাপসুল খাওয়ান।

৬. অন্ধত্ব ও শিশুর মৃত্যুর ঝুঁকি কমানোর জন্য ১ থেকে ৫ বছরের শিশুকে ৬ মাস অন্তর বছরে দুবার প্রতিবারে ২ লাখ ইউনিট ভিটামিন এ ক্যাপসুল খাওয়ান।

৭. সন্তান প্রসবের ৬ সপ্তাহ (সম্ভব হলে শিশু জন্মের পরপরই) এর মধ্যে প্রসূতি মাকে একটি ২ লক্ষ ইউনিট ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ান।

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ৯
শিশুর টিকা ও নবজাতকের যত্ন

শিশুর সাতটি মারাত্মক রোগ

শিশুর জন্মের পর সাতটি মারাত্মক রোগ বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে শিশুকে করতে টিকা প্রদান করা খুবই জরুরী ।সাতটি মারাত্মক রোগ হচ্ছে-

১. ধনুষ্টংকার
২. ডিফথেরিয়া
৩. হুপিংকাশি (পারটুসিস)
৪. হেপাটাইটিস-বি
৫. পোলিওমাইলাইটিস
৬. হাম
৭. যক্ষ্মা

এ সব মারাত্মক রোগে আমাদের দেশে প্রতি বছর হাজার হাজার শিশু মারা যায়। সম্প্রসারিত টিকাদান কর্মসূচি বা **Expanded Program on Immunization (EPI)** এর মাধ্যমে শিশুদেরকে এই সমস্ত রোগের টিকা প্রদান করা হয়।

নবজাতকের যত্নঃ

- জন্মের পর পর যত দ্রুত সম্ভব শিশুকে মায়ের কাছে দিতে হবে ও শালদুধ খাওয়াতে হবে।
- শিশুকে উষ্ণ রাখার ব্যবস্থা করতে হবে।
- শিশুর চোখ, ত্বক নাভীর যত্ন নিতে হবে।
- নাভী যেন পেঁকে না যায় সেদিকে লক্ষ রাখতে হবে।
- শিশুকে সতর্কতার সঙ্গে গোসল করাতে হবে, খেয়াল রাখতে হবে যেন কানে পানি ঢুকে না যায়।
- শিশুর কান পাঁকলে স্বাস্থ্যকর্মী বা চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ১০
কার্যকর দলীয় সভা/স্বাস্থ্য শিক্ষা
অধিবেশন আয়োজন ও পরিচালনা

কার্যকর দলীয় সভা/ স্বাস্থ্য শিক্ষা অধিবেশন আয়োজন ও পরিচালনা

কার্যকরভাবে দলীয় সভা আয়োজন ও পরিচালনা করার জন্য সভার উদ্দিষ্ট জনগোষ্ঠী সর্ম্পকে ধারণা থাকা প্রয়োজন।

দলীয় সভার জন্য উদ্দিষ্ট জনগোষ্ঠী

কর্মসূচির সাফল্যের জন্য দু'ধরনের জনগোষ্ঠীর সাথে দলীয় সভা আয়োজন করা প্রয়োজন।

ক. সুবিধাভোগী গ্রুপ যেমন: শিশুর মা অথবা যত্ন প্রদানকারী।

খ. কমিউনিটি নেতা যেমন: ইমাম, শিক্ষক, কমিশনার, মহিলা কমিশনার, চেয়ার ম্যান, মেম্বার, মহিলা মেম্বার, ক্লাব প্রতিনিধি, বাড়ি প্রধান, শাশুড়ি, বস্তি মালিক ইত্যাদি।

কার্যকর ও ফলপ্রসূ দলীয় সভা আয়োজন ও পরিচালনার জন্য নিম্নলিখিত দক্ষতাগুলো থাকা প্রয়োজনঃ

দলীয় সভা আয়োজন ও পরিচালনাকারীর দক্ষতা

- আলোচনার বিষয় এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় সম্পর্কে বিশদ ধারণা রাখা
- সমাজে বিভিন্ন জনগোষ্ঠীর পার্থক্য বুঝতে পারা এবং তার প্রতি শ্রদ্ধাশীল থাকা
- অংশগ্রহণকারীদের আচরণ ও চাহিদা বোঝার দক্ষতা
- দলীয় সভায় বিসিসি উপকরণ ব্যবহারের দক্ষতা
- উদ্দীষ্ট জনগোষ্ঠীর সাথে সুসম্পর্ক স্থাপন করার দক্ষতা।
- কার্যকর প্রশ্ন করার দক্ষতা
- শোনার দক্ষতা
- পরিকল্পনা অনুযায়ী ধারাবাহিকভাবে দলীয় সভা পরিচালচনার দক্ষতা
- অংশগ্রহণকারীদের বলতে উৎসাহিত করা, তবে সভার সার্বিক পরিচালনায় নিয়ন্ত্রণ রাখার দক্ষতা
- স্পর্শকাতর বিষয়গুলো সতর্কতার সাথে নিষ্পত্তি করার দক্ষতা

দলীয় সভায় পরিচালনাকারী ও অংশগ্রহণকারীদের বসার ব্যবস্থার উপর সভার কার্যকারিতা অনেকাংশে প্রভাব রাখে।

দলীয় সভার স্থান ও বসার ব্যবস্থা

* কমিউনিটি নেতাদের ক্ষেত্রে অংশগ্রহণকারীর সংখ্যা সর্বাধিক ১৫ জন এবং সেবাগ্রহীতাদের ক্ষেত্রে ৮-১২ জনে সীমিত রাখুন
* স্থানীয় অবস্থা বিবেচনা করে অংশগ্রহণকারীদের জন্য যতটা সম্ভব আরামে বসার ব্যবস্থা করুন
* সভা পরিচালনাকারী ও অংশগ্রহণকারীদের মধ্যে সরাসরি দৃষ্টি বিনিময় নিশ্চিত করার জন্য 'U' আকৃতি করে বসান।

সভাগুলো স্থানীয় কোন সন্তুষ্ট কাস্টমারের বাড়ির আঙ্গিনায় বা অন্য কোন সুবিধামত স্থানে আয়োজন করা যেতে পারে, যাতে অংশগ্রহণকারীরা সহজে সভাস্থলে আসতে পারেন। দলীয় সভা আয়োজন ও পরিচালনা ৩টি ধাপ বা পর্যায় করা হয়। সেগুলো হলো ক. সভাপূর্ব কাজ, খ. সভা চলাকালীন কাজ ও গ. সভা পরবর্তী কাজ

সভাপূর্ব কাজ

- অংশগ্রহণকারীদের চিহ্নিত করুন
- তাদের কী তথ্য প্রয়োজন তা খুঁজে বের করুন
- প্রয়োজনে স্থানীয় কয়েকজন নেতার অনুমোদন নিন
- অংশগ্রহণকারীদের সুবিধার দিকে লক্ষ্য রেখে সভার তারিখ স্থান ও সময় নির্ধারণ করুন
- অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানান
- আলোচনার বিষয় নির্ধারণ করে সে বিষয়ে প্রস্তুতি নিন
- বিষয়বস্তু অনুযায়ী আগে থেকে বিসিসি উপকরণ নির্বাচন করে তা গুছিয়ে রাখুন
- অন্যান্য প্রয়োজনীয় উপকরণ চিহ্নিত করুন।

খ. সভা চলাকালীন কাজ

- সেবাগ্রহীতাদের সাথে একটি দলীয় সভা ৩৫-৪৫ মিনিট এবং কমিউনিটি নেতাদের সাথে ৪৫-৫৫ মিনিট এর মধ্যে শেষ করুন।
- স্বাগত জানান ও পরিচিতি দিন
- আলোচিত বিষয়ের পরিচিতি দিন, বিষয় ব্যাখ্যা ও আলোচনা করুন
- যথাযথ বিসিসি উপকরণ ব্যবহার করুন
- যথাসময়ে বিসিসি উপকরন ব্যবহার করুন
- অংশগ্রহণকারীদের প্রশ্ন করতে ও আলোচনা করতে উৎসাহিত করুন
- মূল আলোচনার সারসংক্ষেপ করুন।
- প্রয়োজনে পরবর্তী মিটিংয়ের তারিখ, সময় ও স্থান নির্ধারণ করুন
- অংশগ্রহণকারীদের ধন্যবাদ জানিয়ে সভা শেষ করুন
- প্রয়োজনীয় নোট নিন।
- স্থানীয় কোন জিনিস ব্যবহার করা হলে তা আবার যথাস্থানে ফিরিয়ে দিন। যেমন: পাটি, মাদুর, চেয়ার, মোড়া ইত্যাদি

গ. সভা পরবর্তী কাজ

- প্রতিবেদন তৈরি করুন
- সভার আলোচ্য বিষয় ও অন্যান্য প্রয়োজন/ সমস্যা/ সিদ্ধান্ত নিজের টিমে ও সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করুন
- সভায় সিদ্ধান্ত ফলো-আপ করুন ও প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

দলীয় সভা পরিচালনার সময় উদ্দিষ্ট জনগোষ্ঠীর যাতে নেতিবাচক মনোভাব তৈরী না হয় সেরকম কিছু বিষয় পূর্ব থেকে লক্ষ্য রাখা যেতে পারে।

নেতিবাচক মনোভাবসমূহঃ

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ১১
কার্যকর দলীয় সভা/স্বাস্থ্য শিক্ষা অধিবেশন
আয়োজন ও পরিচালনা (অনুশীলন)

কার্যকর দলীয় সভা আয়োজন ও পরিচালনা - অনুশীলন

অংশগ্রহণকারীগন ৩টি দলে বিভক্ত হয়ে শিশুর পুষ্টি ও স্বাস্থ্য শিক্ষা বিষয়ে সুবিধাভোগী ও বিভিন্ন কমিউনিটির নেতাদের সাথে দলীয় সভার রোল-প্লে করবেন।

রোল-প্লে করার জন্য প্রতিটি দল একটি করে নিচের আলোচ্য বিষয় বেছে নিন।

১. শাশুড়ীদের সাথে শিশুর পুষ্টি ও স্বাস্থ্য শিক্ষা বিষয়ক দলীয় সভা।

২. মায়েদের সাথে শিশুর পুষ্টি ও স্বাস্থ্য শিক্ষা বিষয়ক দলীয় সভা।

৩.কমিউনিটি নেতাদের সাথে শিক্ষা ও পুষ্টি কার্যক্রম সম্পর্কে দলীয় সভা

রোল প্লে পর্যবেক্ষণ চেকলিস্ট

ক. সভা পূর্ব প্রস্তুতি

১. অংশগ্রহণকারী নির্বাচন সঠিক ছিল কিনা
২. সভার সময় ও স্থান নির্বাচন সঠিক ছিল কিনা
৩. অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানানো হয়েছিল কিনা
৪. নির্দিষ্ট বিষয়ে প্রস্তুতি নিয়েছিল কিনা
৫. বিষয়বস্তু অনুযায়ী বিসিসি উপকরণ গুছিয়ে নিয়েছিল কিনা

খ. সভা পরিচালনার ধাপ

১. সভায় অংশগ্রহণকারীদের স্বাগত জানিয়েছেন কি না? পরিচয় পর্ব কেমন ছিল?
২. সভার উদ্দেশ্য বর্ণনা করেছেন কি না
৩. মূল আলোচ্য বিষয় উপস্থাপনায় কতটা দক্ষ ছিলেন
৪. অংশগ্রহণকারীদের কথা মনোযোগ দিয়ে শুনেছেন কি না
৫. অংশগ্রহণকারীদের আলোচনায় অংশগ্রহণ নিশ্চিত করেছেন কি না

৬. অংশগ্রহণকারীদের প্রশ্নের যথাযথ উত্তর দিয়েছেন কি না
৭. বিসিসি উপকরণ যথাযথভাবে ব্যবহার করেছেন কি না
৮. মূল আলোচনার সার-সংক্ষেপ কিভাবে করেছেন
৯. সভায় ফ্যাসিলিটেটর ও অংশগ্রহণকারীরা যথাযথভাবে বসেছিলেন কিনা
১০. স্থানীয় জিনিস যেমন মাদুর, চেয়ার ইত্যাদি ব্যবহার করে থাকলে তা যথাস্থানে ফিরিয়ে দিয়েছে কিনা
১১. অংশগ্রহণকারীদের আগ্রহ ধরে রাখতে পেরেছিল কিনা

গ. সভা পরবর্তী কাজ সম্পন্ন করেছিল কিনা

১. প্রতিবেদন তৈরি করেছে কিনা
২. সভার সমস্যা ও সিদ্ধান্ত নিজের টিমে আলোচনা করেছে কিনা

শিশুর শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণে
‘সম্ভব’ পাইলট প্রকল্প
মাঠকর্মীদের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ

অধিবেশন # ১২
কমিউনিটি মবিলাইজেশন

কমিউনিটি মবিলাইজেশন

বর্তমান সামাজিক অবস্থায় জনগণকে বিশেষ করে দরিদ্র জনগণের পুষ্টি, স্বাস্থ্যে ও শিক্ষার মান উন্নয়নের জন্য তাদের মধ্যে পুষ্টি ও শিক্ষা গ্রহণের আগ্রহ বাড়াতে হলে পুষ্টি সম্পর্কে ব্যাপক প্রচারণা চালিয়ে সেবার চাহিদা সৃষ্টি করতে হবে। আমাদের এই উদ্দেশ্যকে সফল করতে হলে জনগোষ্ঠীর মধ্যে প্রচারণা চালানোই যথেষ্ট নয়। এক্ষেত্রে কমিউনিটির বিভিন্ন গ্রুপকেও কর্মসূচির সাথে সম্পৃক্ত করতে হবে। তাই কমিউনিটি মবিলাইজেশন সম্পর্কিত বিষয়গুলো সম্পর্কে আমাদের পরিষ্কার ধারণা রাখতে হবে।

কমিউনিটি মবিলাইজেশন কি?

কমিউনিটি মবিলাইজেশন এমন একটি প্রক্রিয়া যা সম্ভাব্য সকল সামাজিক শক্তিকে একত্রিত করে কোন সাধারণ সমস্যা সমাধানের উদ্দেশ্যে জনগণকে সচেতন করে তোলে এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করে ফলে তারা আত্মনির্ভরশীল হতে পারে।

কমিউনিটি মবিলাইজেশনের মাধ্যমে সমাজের একজন ব্যক্তি, দল বা সংস্থা তাদের নিজেদের উন্নয়নে ও প্রয়োজন মেটাতে অংশগ্রহণমূলক এবং টেকসই উপায়ে বিভিন্ন কর্মসূচির পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন নিজেদের উদ্যোগে বা অন্য কারো দ্বারা অনুপ্রাণীত হয়ে করে থাকে।

কমিউনিটি মবিলাইজেশনের উদ্দেশ্য হলো

- সেবাগ্রহীতারা কর্মসূচি সম্পর্কে সঠিক ধারণা পাবে
- কর্মসূচির প্রয়োজনীয়তা সঠিকভাবে বুঝতে পারবে
- কর্মসূচির সেবা ও ফল লাভের জন্য আন্তরিকভাবে আগ্রহী হবে এবং তা বাস্তবায়নের জন্য সামর্থ্য অনুযায়ী সহযোগিতা দিতে এগিয়ে আসবে
- আত্মীয়স্বজন, পাড়া-প্রতিবেশী সমাজের অন্যান্যদেরও কর্মসূচির সেবা গ্রহণ ও সহযোগিতা যোগানোর জন্য উৎসাহিত করবে।

স্থানীয় পর্যায়ে কর্মসূচির পক্ষে যারা সমর্থন দিতে পারেন

- কমিউনিটি ও ধর্মীয় নেতাগণ,মসজিদের ইমাম
- স্থানীয় ওয়ার্ড কমিশনার, মহিলা ওয়ার্ড কমিশনার ও অন্যান্য মহিলা নেতৃবৃন্দ
- সিটি কর্পোরেশন/ মিউনিসিপালিটির নেতা কর্মী বৃন্দ
- দরিদ্র জনগোষ্ঠীর নেতৃবৃন্দ
- বস্তি নেতৃবৃন্দ
- স্কুলের প্রধান শিক্ষক
- স্বাস্থ্য কর্মী এবং অন্যান্য উন্নয়ন সংস্থার কর্মীরা

কমিউনিটি মবিলাইজেশন কৌশল:

- একক/ব্যক্তিগত যোগাযোগ
- নেটওয়ার্কিং
- ছোট দলীয় আলোচনা
- আনুষ্ঠানিক সভা
- কমিউনিটির নেতা ও বিভিন্ন গ্রুপের সাথে ওরিয়েন্টেশন
- দলীয় সভা/ উঠান বৈঠক
- বিশেষ দিবস উদযাপন
- র‍্যালী এবং অন্যান্য বিশেষ অনুষ্ঠান/ইভেন্ট

সম্ভব
পুষ্টি ও শিক্ষা নিশ্চিত করি
আমার শিশুর জীবন গড়ি

Attachment–6:

Union Level Orientation Guideline and List of Union Level Orientation Participants

স্থানীয় সরকার বিভাগ

অর্থায়নে: বিশ্ব ব্যাংক

সম্ভব

সুবিধাবঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে **সম্ভব** পাইলট প্রকল্প

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ের স্টেকহোল্ডারদের ওরিয়েন্টেশন

সেপ্টেম্বর ২৭, ২০১২

বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস (বিসিপি)

সম্ভব অর্থ হস্তান্তর পাইলট প্রকল্প

- বাংলাদেশের জনসংখ্যার শতকরা ২৫ ভাগ মানুষ চরম দারিদ্রতার মাঝে বসবাস করছে। বর্তমানে দরিদ্রদের আরো দরিদ্র হতে যাওয়া থেকে রক্ষার উদ্দেশ্যে নানা ধরনের সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। "শিশুর পুষ্টি ও শিক্ষার উন্নয়নে "সম্ভব" এমনই একটি পাইলট প্রকল্প।
- প্রকল্পটি পাইলট আকারে ২০১১ সালের অক্টোবর থেকে ২০১৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত চলবে।
- প্রকল্পটির বাস্তবায়নে রয়েছে স্থানীয় সরকার বিভাগ।
- পাইলট প্রকল্পটি সফলতার সাথে সম্পন্ন হলে পরবর্তীতে সরকার এই প্রকল্পটি সমগ্র বাংলাদেশের জন্য পরিচালনা করতে পারে।
- এই প্রকল্পের মাধ্যমে বর্তমানে প্রকল্প এলাকার ১৪ হাজারেরও বেশি নির্বাচিত পরিবারের শিশুকে পুষ্টি ও শিক্ষা সুবিধার আওতায় আনা যাবে বলে আশা করা হচ্ছে।
- প্রকল্পটি বিশ্ব ব্যাংকের অনুদানে পরিচালিত।

সম্ভব অর্থ হস্তান্তর পাইলট প্রকল্প

প্রকল্পের নামঃ "সম্ভব" পাইলট প্রকল্প

প্রকল্পের লোগোঃ

সম্ভব

প্রকল্পের শ্লোগানঃ

পুষ্টি ও শিক্ষা নিশ্চিত করি
আমার শিশুর জীবন গড়ি

প্রকল্পের উদ্দেশ্য

শিশুর পুষ্টি ও শিক্ষা খাতে বিনিয়োগের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য পুষ্টি ও শিক্ষার সুযোগ সৃষ্টি করার অঙ্গীকার নিয়েই এই প্রকল্পের যাত্রা শুরু। এই পাইলট প্রকল্পের মূল উদ্দেশ্য হলো:

- ০-৩৬ মাস বয়সী শিশুর পুষ্টির অবস্থা উন্নয়ন করা।
- প্রাথমিক বিদ্যালয়ে শিশুর উপস্থিতির হার বাড়ানো।
- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নে স্থানীয় সরকারের দক্ষতা বৃদ্ধি করা।

পাইলট প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ

- **বাস্তবায়নকারী সংস্থা:** স্থানীয় সরকার বিভাগ
- **সহযোগী মন্ত্রণালয়:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
- **পাবলিক ক্যাম্পেইন:** বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস্ (বিসিসিপি)
- **গবেষণা ও মূল্যায়ন সহযোগিতা:** ডাটা এনালাইসিস এণ্ড টেকনিক্যাল এসিসটেন্স লিমিটেড (ডাটা)
- **অর্থ সুবিধা ব্যবস্থাপনা:** বাংলাদেশ ডাক বিভাগ।

প্রকল্প এলাকা

স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মাধ্যমে **"সম্ভব"** পাইলট প্রকল্পটি বিশ্ব ব্যাংকের সহায়তায় বাংলাদেশের তিনটি নির্বাচিত স্থান- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জলঢাকা ও হাতিবান্ধা উপজেলায় বাস্তবায়িত হচ্ছে।

উপজেলা	ইউনিয়ন/নির্দিষ্ট এলাকা				
হাতিবান্ধা	পাটিকাপাড়া	ডাউয়াবাড়ি	সিন্দুর্না	নওদাবাস	গড্ডিমারী
জলঢাকা	কৈমারী	খুটামারা	গোলনা	শৌলমারী	কাঁঠালি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অন্তর্ভুক্ত এলাকাসমূহ	ইউনাইটেড টেক্সটাইল মিল	ঋষি পাড়া	বালুপাড়া	জেলে এবং সুবার্ন	নারায়ণ ঋষি পাড়া
